জাতীয় অভীক্ষণ সংস্থা
ন্যাশনাল টেস্টিং এজেন্সি
উৎকর্ষ মূল্যায়ন



# তথ্যপুস্তিকা

# জাতীয় যোগ্যতা নির্ণায়ক তথা প্রবেশিকা পরীক্ষা (স্নাতক)

## NEET (UG) - 2020



স্নাতকস্তরের চিকিৎসাবিদ্যা পাঠক্রমে ভর্তির জন্য

# জাতীয় অভীক্ষণ সংস্থা

(ন্যাশনাল টেস্টিং এজেন্সি)

**লক্ষ্য**

একটি অগ্রণী, সুদক্ষ, স্বশাসিত ও স্বয়ংসম্পূর্ণ জাতীয় অভীক্ষণ সংস্থা গঠনের লক্ষ্যে এই প্রতিষ্ঠানের সহায়তায় ভারতের উচ্চশিক্ষা ও গবেষণাকেন্দ্রগুলি জনবিন্যাস নির্বিশেষে যোগ্যতম আবেদনকারীদের নির্বাচন করে তাদের উদ্দেশ্য সাধনে সমর্থ হবে।

**উদ্দেশ্য**

ভর্তি ও নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের যোগ্যতার যথাযথ মূল্যায়নের মাধ্যমে ভারতের উচ্চশিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান সমূহের মানোন্নয়ন। এক্ষেত্রে আন্তর্জাতিক মানের মূল্যায়ন প্রক্রিয়া গ্রহণ করা হবে। স্বচ্ছতা ও নির্ভুলতার প্রতি নজর রাখা হবে।

বর্তমান মূল্যায়ন পদ্ধতির দুর্বলতা যথাযথ চিহ্নিত করে প্রতিটি বিষয়ের শ্রেষ্ঠ বিশেষজ্ঞ, সাইকোমেট্রিসিয়ান, তথ্য প্রযুক্তি ও নিরাপত্তা বিশেষজ্ঞদের পরিষেবা গ্রহণের মাধ্যমে দুর্বলতা সমূহের নিরসন।

শিক্ষা ও প্রকৌশলবিদ্যা উন্নয়নের তথ্যাদি ও গবেষণার ফলাফল সকলের কাছে প্রেরণ।

**প্রধান মূল্যবোধ সমূহ**

**উদ্দেশ্য পূরণে এন টি এ (NTA) যে আভ্যন্তরীণ মূল্যবোধ দ্বারা পরিচালিত হবে :**

মূল্যায়নের কেন্দ্রীয় লক্ষ্য থাকবে গুণমান, সক্ষমতা, উপযোগীতা, সমতা ও নিরাপত্তা।

আকাঙ্খিতদের সাথে যোগসূত্র : যেমন ছাত্র, অভিভাবক, শিক্ষক, বিশেষজ্ঞ ও শিক্ষা প্রতিষ্ঠানের অংশীদারদের আস্থা অর্জনে সক্ষম হবে।

গবেষণা ও উদ্ভাবনার মাধ্যমে মূল্যায়ণ প্রক্রিয়ার ক্রমোন্নয়ন অন্যতম লক্ষ্য হিসেবে বিবেচিত হবে।

বিজ্ঞানসম্মত উপায়ে তৈরি ও যথাযথভাবে প্রযুক্ত মূল্যায়ন প্রক্রিয়া শ্রেণীকক্ষে পঠন পাঠনের উৎকর্ষ সাধন করতে পারে।

" The information contained in the document is for the public. All rights are reserved. No modifications and changes are permitted in the document.

Although all efforts have been made to prepare a copy that contains the complete information in the information Bulletin published in English, only the information in the English copy will be valid in relation to any type of error. "

# সংক্ষিপ্ত শব্দ তালিকা

| | |
|---|---|
| AACCC | আয়ুষ কেন্দ্রিয় প্রবেশিকা ও পরামর্শদাতা সমিতি |
| AIIMS | অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্স |
| AMU | আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয় |
| BAMS | আয়ুর্বেদিক ঔষধ ও শল্যচিকিৎসা বিজ্ঞানে স্নাতক |
| BoGCCH | কেন্দ্রীয় হোমিওপ্যাথি পরিষদের গভর্নরদের বোর্ড |
| BSMS | সিদ্ধার ঔষধ ও শল্যচিকিৎসা বিজ্ঞানে স্নাতক |
| BUMS | ইউনানী ঔষধ ও শল্যচিকিৎসা বিজ্ঞানে স্নাতক |
| CCIM | কেন্দ্রীয় ভারতীয় চিকিৎসা বিজ্ঞান |
| BHMS | হোমিওপ্যাথিক ঔষধ ও শল্যচিকিৎসা বিজ্ঞানে স্নাতক |
| BDS | দন্তশল্য বিজ্ঞানে স্নাতক |
| BHU | বারানসী হিন্দু বিশ্ববিদ্যালয় |
| DCI | ডেন্টাল কাউন্সিল অফ ইন্ডিয়া |
| DGHS | স্বাস্থ্য পরিষেবা সমূহের মহা-অধিকর্তার কার্যালয়, ভারত সরকার |
| DU | দিল্লি বিশ্ববিদ্যালয় |
| ESIC | রাজ্য কর্মচারী বীমা কর্পোরেশন |
| EWS | অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণি |
| INI | জাতীয় গুরুত্বপূর্ণ শিক্ষাপ্রতিষ্ঠান |
| MoA | আয়ুশ মন্ত্রক |
| JIPMER | জওহরলাল নেহরু ইনস্টিটিউট অফ মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ |
| MBBS | ব্যাচেলর অফ মেডিসিন অ্যান্ড ব্যাচেলর অফ সার্জারি |
| MCC | মেডিক্যাল কাউন্সেলিং কমিটি, মহা-অধিকর্তা কার্যালয়, স্বাস্থ্য পরিষেবা বিভাগ, ভারত সরকার |
| MCI | মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়া |
| MoH & FW | স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রক |
| NEET (UG) | জাতীয় যোগ্যতা নির্ণায়ক ও প্রবেশিকা পরীক্ষা (স্নাতক) |
| NMC | ন্যাশনাল মেডিক্যাল কমিশন |
| OBC-NCL | অন্যান্য অনগ্রসর শ্রেণি - অর্থনৈতিকভাবে দুর্বল |
| PwD | প্রতিবন্ধকতা যুক্ত ব্যক্তিসমূহ |
| SC | তফশিলী জাতি |
| ST | তফশিলী উপজাতি |
| UT | কেন্দ্রশাসিত অঞ্চল |

# এক নজরে উল্লেখযোগ্য তথ্যাদি ও তারিখসমূহ

(বিস্তারিত জানতে তথ্য পুস্তিকা দেখতে হবে)

1. **উল্লেখযোগ্য তারিখ ও ফি :**

| | | |
|---|---|---|
| অন-লাইন আবেদন পত্র জমা | | 02 ডিসেম্বর 2019 — 31 ডিসেম্বর 2019 (রাত 11.50 পর্যন্ত) |
| ক্রেডিট কার্ড/ডেবিট কার্ড/নেট-ব্যাঙ্কিং/ইউপি আই-এর মাধ্যমে ফি জমা দেওয়ার শেষ তারিখ | | 02 ডিসেম্বর 2019 থেকে 01 জানুয়ারি 2020 (রাত 11.50 পর্যন্ত) |
| ফি-এর পরিমাণ | সাধারণ | 1500 টাকা |
| | সাধারণ (অর্থনৈতিক ভাবে দুর্বল)/অন্যান্য অনগ্রসর শ্রেণি (অর্থনৈতিক ভাবে দুর্বল) | 1400 টাকা |
| | তফশিলী জাতি / তফশিলী উপজাতি / প্রতিবন্ধী / রূপান্তরকামী | 800 টাকা |
| | প্রসেসিং ফি এবং জি এস টি (GST) আবেদনকারীকে প্রয়োজনে পৃথকভাবে জমা দিতে হবে। | |
| শুধু ওয়েব-সাইটে আবেদনপত্রের তথ্যসমূহ সংশোধনের তারিখ | | 15 জানুয়ারি 2020 থেকে 31 জানুয়ারি 2020 |
| অন-লাইন আবেদন পত্র জমা | | 27 মার্চ 2020 |
| পরীক্ষার তারিখ | | 03 মে 2020 |
| পরীক্ষার মেয়াদ | | 180 মিনিট (তিন ঘন্টা) |
| পরীক্ষার সময় | | দুপুর দুটো থেকে বিকেল পাঁচটা |
| NEET-2020 (UG) পরীক্ষার কেন্দ্র | | প্রবেশ পত্রে উল্লিখিত (অ্যাডমিট কার্ড) |
| পরীক্ষার্থীর দেয় উত্তরপত্র ও নির্ভুল উত্তর তালিকা প্রদর্শনের তারিখ | | পরে ওয়েবসাইট-এ জানানো হবে |
| ওয়েব-সাইট সমূহ | | www.nta.ac.in এবং ntaneet.nic.in |
| NTA-ওয়েব সাইটে ফল প্রকাশ | | 04 জুন, 2020 |

- অন্যান্য অনগ্রসর শ্রেণি (অর্থনৈতিকভাবে দুর্বল) অনগ্রসর শ্রেণির জাতীয় কমিশনে প্রাপ্ত তালিকা অনুসারে বিবেচ্য হবে। ওই তালিকায় অন্তর্ভুক্ত প্রার্থীর আবেদনপত্রের উপযুক্ত স্থানে 'OBC-NCL' উল্লেখ করতে পারে।
- MBBS/BDS পাঠক্রমের ভর্তির পরীক্ষার সময় নির্ঘন্ট ভারতের মাননীয় সুপ্রিম কোর্ট কর্তৃক নির্দিষ্ট হয়েছে [Ashish Ranjan & Ors. Vs. Union of India & Ors. — (2016) 11 SCC 225] পরে এই সিদ্ধান্ত NMC/DCI কর্তৃক সংশোধিত হয়।

1. NEET(UG)-2020 পরীক্ষায় আবেদনকারীদের শুধুমাত্র 'অনলাইন'-এ আবেদন করতে হবে।
2. NTA-এর ওয়েবসাইট ntaneet.nic.in-এ এই আবেদনপত্র পাওয়া যাবে। 'অনলাইন' ভিন্ন অন্য কোনো পদ্ধতিতে আবেদনপত্র গ্রহণ করা হবে না।
3. একজন প্রার্থী শুধুমাত্র একটি আবেদনপত্র জমা দেবে।
4. তথ্য পুস্তিকা ও NTA ওয়েব-সাইটের নির্দেশসমূহ আবেদনকারীকে কঠোরভাবে অনুসরণ করতে হবে। নির্দেশ অনুসরণ না করলে সেই আবেদনপত্র তৎক্ষণাৎ বাতিল হিসেবে গণ্য হবে।

5. আবেদনকারীকে নিশ্চিন্ত হয়ে তার অনলাইন আবেদনপত্রে তার নিজস্ব অথবা মাতা-পিতার ই-মেইল ঠিকানা ও মোবাইল নম্বর দিতে হবে। এটি জরুরি কেন না NTA-কর্তৃক আবেদনকারীর প্রদত্ত ই-মেইল ঠিকানা অথবা মোবাইল নম্বরে প্রয়োজনীয় তথ্য ও নির্দেশাবলী পাঠানো হবে।

6. অনলাইন আবেদনপত্র পূরণের নির্দেশিকা :

# তথ্য পুস্তিকাটি ডাউনলোড করে আবেদনপত্র বের কর। ভালো করে পড়ে তোমার যোগ্যতা বিষয়ে নিশ্চিত হয়ে নাও। যদি কেউ একাধিক আবেদনপত্র পূরণ করে তবে তার আবেদনপত্র বাতিল/স্থগিত করা হবে এবং তার আবেদন এবারের/ভবিষ্যতের জন্য বাজেয়াপ্ত করা হবে।

# অনলাইনে দরখাস্ত করার সময় নীচের ধাপগুলি দেখে নাও :

প্রথম ধাপ : তোমার অথবা তোমার মাতা-পিতার নির্দিষ্ট ই-মেইল আইডি এবং মোবাইল নম্বর দিয়ে অনলাইন দরখাস্ত করার জন্য নিবন্ধিকরণ কর।

দ্বিতীয় ধাপ : অনলাইন আবেদনপত্রটি পূরণ করা এবং আবেদনপত্রের যে নম্বর অনলাইনে আসছে তা লিখে নাও।

তৃতীয় ধাপ : প্রার্থীর হালে ধারণকৃত আলোকচিত্র (ফাইল সাইজ : 10 কেবি - 200 কেবি), প্রার্থীর পাসপোর্ট সাইজের ছবি (ফাইল সাইজ : 10 কেবি - 200 কেবি), পোষ্টকার্ড সাইজের ছবি (ফাইল সাইজ : 50 কেবি - 300 কেবি) (4"×6") এবং প্রার্থীর স্বাক্ষর (ফাইল সাইজ : 4 কেবি - 30 কেবি) স্ক্যান করে আপলোড করতে হবে। ক্লাস X পাশ শংসাপত্রের ছবি JPG/JPEG (ফাইল সাইজ : 100 কেবি - 400 কেবি) আপলোড করতে হবে। JPG/JPEG ফর্মাটে বা-হাতের বুড়ো আঙুলের ছাপ (ফাইল সাইজ : 10 কেবি - 50 কেবি) দিতে হবে। কোনও কারণবশত বা-হাতের বুড়ো আঙুল না থাকলে ডান-হাতের বুড়ো আঙুলের ছাপ দিতে হবে। সাদা প্রেক্ষাপটে মুখমণ্ডলের ছবি থাকবে। (মুখমণ্ডল শতকরা 80%, দুটি কান খুব স্পষ্ট ও দৃশ্যমান থাকা চাই)

চতুর্থ ধাপ : ডেবিট কার্ড / ক্রেডিট কার্ড / নেট ব্যাঙ্কিং / ইউ পি আই ব্যবহার করে এস বি আই / সিন্ডিকেট / এইচ ডি এএফ সি / আই সি আই সি আই / Paytm-এর মাধ্যমে ফি জমা দিতে হবে।

ভবিষ্যতে প্রমাণ ও প্রয়োজনের কথা ভেবে ফি রসিদ সুরক্ষিত রাখতে হবে।

ফি জমা দেওয়ার পর যদি নিশ্চিত পত্রটি (confirmation page) না বেরোয় তাহলে দাখিলকৃত অর্থ কার্যকর থাকবে না। ফি-এর অর্থ আবেদনকারীর অ্যাকাউন্টে ফেরৎ চলে যাবে। তাই নিশ্চিতপত্রটি না পেলে আবেদনকারীকে পুনর্বার চেষ্টা করতে হবে।

# যথাযথভাবে সবকিছু হলে নিশ্চিতপত্রটি ডাউনলোড ও সংরক্ষণ করে তারপর ছাপাতে হবে। ভবিষ্যতের প্রয়োজনে মুদ্রিত নিশ্চিতপত্রটি প্রার্থীর কাছে রাখতে হবে।

# চারটি ধাপের সবকটি পর্যায়ক্রমে করা যায় বা এক একটি ধাপে বিভিন্ন সময়ে আলাদাভাবে করা যায়।

7. আবেদনকারীদের পরামর্শ দেওয়া হচ্ছে তারা যেন নিয়মিত NTA-ওয়েবসাইট খুলে দেখে এবং নতুন কোনো ই-মেইল বা এস এম এস এসেছে কিনা নজর রাখে।

8. NTA কর্তৃক প্রেরিত প্রবেশপত্রে যে তারিখ ও সময় নির্দিষ্ট থাকবে সেই অনুযায়ী প্রার্থীদের নিজ ব্যয়ে পরীক্ষা কেন্দ্রে পৌঁছুতে হবে।

9. কোনো অবস্থাতেই প্রবেশপত্রে উল্লেখিত পরীক্ষাকেন্দ্র, তারিখ ও সময় বদলের অনুরোধ গ্রাহ্য হবে না।

10. প্রার্থীগণকে পরামর্শ দেওয়া হচ্ছে যে তারা যেন সাদা প্রেক্ষাপটে 6-8টা পাসপোর্ট সাইজের এবং 4-6টা পোষ্টকার্ড সাইজের রঙিন ছবি প্রস্তুত রাখে। আবেদনপত্র অনলাইনে আপলোড করতে এবং ভর্ত্তির আলাপচারিতার সময় পাসপোর্ট সাইজের ছবি লাগবে।

**উল্লেখ্য :**

1. 6 নম্বর পয়েন্টে উল্লিখিত তৃতীয় ও চতুর্থ ধাপ যদি সম্পন্ন না হয় তবে আবেদনপত্রের অনলাইন জমা দেওয়ার কাজ সম্পূর্ণ হবে না। এমন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং কোনো তথ্য আবেদনকারীর কাছে যাবে না।
2. একবার ফি জমা পড়লে কোনো অবস্থাতেই NTA প্রার্থীকে ফি ফেরৎ দিতে বাধ্য থাকবে না।
3. NEET(UG)-2020 পরীক্ষার আবেদনপত্র জমা থেকে শুরু করে আলোকচিত্র ও সইয়ের স্ক্যান ইমেজ, ফি জমা এবং নিশ্চিতপত্র মুদ্রণ সবকিছুই অনলাইন পদ্ধতিতে সম্পন্ন হয়। কাজেই নিশ্চিতপত্রসহ কোনো নথিই আবেদনকারীদের ডাকযোগে/ফ্যাক্স মারফত/ব্যক্তিগতভাবে/ই-মেলের মাধ্যমে NTA কেন্দ্রে পাঠাতে হবে না।

প্রার্থীরা পরীক্ষাকেন্দ্রে কোনো যন্ত্র, জ্যামিতি বা পেন্সিল বাক্স, হাতব্যাগ, মানিব্যাগ, কোনো রকমের কাগজ/স্টেশনারী/ লেখাপত্র (মুদ্রিত বা হাতে লেখা), খাবার, পানীয় জল (খোলা অথবা প্যাকেটে), মোবাইল ফোন/ইয়ার ফোন/মাইক্রোফোন /পেজার, ক্যালকুলেটর, ডকুপেন, স্লাইড রুল, লগ টেবিল, ক্যামেরা, টেপ রেকর্ডার, ক্যালকুলেটরের সুবিধাযুক্ত ইলেকট্রনিক ঘড়ি, কোনো ধাতব উপকরণ বা ইলেকট্রনিক গ্যাজেট/যন্ত্র নিয়ে যেতে পারবে না।

ডায়াবিটিসে আক্রান্ত ছাত্ররা সুগার ট্যাবলেট/ফল (কলা/আপেল/কমলালেবু) এবং স্বচ্ছ জলের বোতল পরীক্ষা হলে নিয়ে যেতে পারবে। কিন্তু কোনো প্যাকেটজাত খাবার যেমন চকোলেট/ক্যান্ডি/স্যান্ডউইচ ইত্যাদি নিয়ে যেতে পারবে না। বিস্তারীত নির্দেশাবলী অষ্টম ও নবম অধ্যায়ে দ্রষ্টব্য।

অপরের (সাইবার কাফে সহ অন্যান্য) সাহায্যে যে সকল প্রার্থী আবেদন করবে তাদেরকে নিশ্চিত করতে হবে যে উপরোক্ত চারটে ধাপ তাদের উপস্থিতিতে সঠিক ভাবে ভরা হয়েছে অন্যথায় তাদের আবেদনপত্র বাতিল অথবা/এবং আইন অনুসার ফৌজদারী মামলা দায়ের করা হবে।

**অস্বীকৃতি**

1. প্রার্থীদের তথ্য পুস্তিকা সতর্কতার সঙ্গে পড়তে পরামর্শ দেওয়া হচ্ছে। অনলাইন ফর্ম পূরণের আগে তারা যেন NEET(UG)-2020 ওয়েবসাইট www.nta.ac.in, ntaneet.nic.in খুলে আবেদনপত্র পূরণের নির্দেশাবলী ভালো করে দেখে নেয়।
2. অনলাইন আবেদনপত্র পূরণ করার সময় যে সকল তথ্য দেওয়া হয়, সেগুলির নির্ভুলতা বিষয়ে প্রার্থীরা যেন নিশ্চিত থাকে।
3. অনলাইন পূরণের সময় প্রদত্ত প্রার্থীর নাম, যোগাযোগের ঠিকানা/বিশদ ঠিকানা, ক্যাটাগরি বা বিভাগ, PwD অধীন কিনা, বিশদ শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ ইত্যাদি নির্ভুল/চূড়ান্ত বলে বিবেচিত হবে। সংশোধন করার নির্ধারিত সময় পার হয়ে গেলে কোনো অবস্থাতেই তথ্য পরিবর্তনের সুযোগ দেওয়া হবে না। কোনো আবেদনকারী ভুল তথ্য দিয়ে বিভ্রান্ত করলে তার পরীক্ষা গ্রহণ করা হবে না।
4. নিবন্ধীকরণ প্রক্রিয়া চলাকালীন প্রার্থী ভুল তথ্য পরিবেশন করলে তার জন্য উদ্ভূত পরিস্থিতির দায় NTA গ্রহণ করবে না।
5. আবেদনপত্র পূরণের পর কোনো অবস্থাতেই আবেদনকারীর কোনো তথ্য NTA সম্পাদনা/পরিবর্তন/বদল করবে না। তথ্য বদলের কোনো অনুরোধ গ্রাহ্য হবে কিনা নিশ্চিত নয়। কাজেই ফর্ম পূরমের সময় প্রার্থীকে সর্বোচ্চ সতর্কতা ও যত্ন অবলম্বন করতে উপদেশ দেওয়া হচ্ছে।

**ড্যাটা ও তথ্য ব্যবহার**

প্রশিক্ষণ, গবেষণা, উন্নয়ন, বিশ্লেষণ ও অন্যান্য অনুমোদিত উদ্দেশ্যে সর্বশেষ ব্যবহারকারীর (এক্ষেত্রে পরীক্ষা গ্রহণকারী) সরবরাহকারী ড্যাটা NTA কাজে লাগাতে পারে।

# সূচিপত্র



| ক্রমিক নম্বর | বিষয় | পৃষ্ঠা সংখ্যা |
|---|---|---|
| **অধ্যায়** | **1 - ভূমিকা** | |
| 1.1 | জাতীয় অভীক্ষণ সংস্থার পরিচিতি (NTA) | 10 |
| 1.2 | জাতীয় মেডিক্যাল কমিশনের পরিচিতি (NMC) | 10 |
| **অধ্যায়** | **2 - জাতীয় যোগ্যতা নির্ণায়ক ও প্রবেশিকা পরীক্ষা - NEET(UG)** | 11 - 12 |
| 2.1 | NEET(UG) - 2020 পরিচিতি | 11 |
| 2.2 | NEET(UG) - 2020 পরীক্ষায় NTA-এর ভূমিকা | 11 |
| 2.3 | প্রবেশিকা পরীক্ষার তারিখ | 12 |
| 2.4 | উল্লেখযোগ্য ওয়েবসাইট | 12 |
| 2.5 | আইনগত এক্তিয়ার | 12 |
| **অধ্যায়** | **3 - সাধারণ তথ্যাদি** | 13 - 15 |
| 3.1 | সাধারণ নির্দেশাবলী | 13 |
| 3.2 | NEET (UG) - 2020 পরীক্ষার ধরন | 13 |
| 3.3 | কী উপায়ে পরীক্ষা নেয়া হবে | 14 |
| 3.4 | পরীক্ষার নির্ঘণ্ট | 14 |
| 3.5 | প্রশ্নের মাধ্যম | 14 |
| 3.6 | পরীক্ষার সিলেবাস | 15 |
| 3.7 | NEET (UG) - 2020 পরীক্ষার কেন্দ্র/শহর | 15 |
| **অধ্যায়** | **4 - নির্বাচিত হবার যোগ্যতা ও শিক্ষাগত যোগ্যতা** | |
| 4.1 | NEET (UG) - 2020 পরীক্ষা প্রদানের যোগ্যতা | 16 |
| 4.2 | রাজ্য/প্রতিম বিশ্ববিদ্যালয় / কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় / ESIC এবং AFMC সহ দিল্লি বিশ্ববিদ্যালয় (DU), BHU এবং AMU / কেন্দ্রীয় সংরক্ষিত আসন, AIIMS, | 16 |
| | JIPMER-এ আসন লাভের নির্ণায়ক যোগ্যতা | |
| 4.3 | সর্বভারতীয় 15% সংরক্ষিতআসনে নির্বাচিত হবার যোগ্যতা | 16 |
| 4.4 | যোগ্যতা ও যোগ্যতা নির্ণায়ক পরীক্ষার কোড সমূহ | 17 |
| **অধ্যায়** | **5 - ভর্তি ও সংরক্ষণ** | 20 - 21 |
| 5.1 | ভর্তির প্রক্রিয়া | 20 |
| 5.2 | সংরক্ষিত নীতি | 21 |
| **অধ্যায়** | **6 - আবেদনপত্র জমা ও ফি জমা** | 24 - 29 |
| 6.1 | আবেদনপত্র পূরণের প্রস্তুতি | 24 |
| 6.2 | অনলাইন আবেদনপত্র পূরণের নির্দেশিকা | 24 |
| 6.3 | অনলাইন আবেদনপত্র পূরণের সময় যা যা খেয়াল রাখতে হবে | 28 |
| 6.4 | ফি জমা দেওয়ার বিস্তারীত তথ্য | 28 |
| **অধ্যায়** | **7 - অনলাইন আবেদনপত্রে যা যা পূরণ করতে হবে** | 29 |
| **অধ্যায়** | **8 - নিষিদ্ধ দ্রব্যাদি ও পোষাক বিধি** | 30 |
| 8.1 | নিষিদ্ধ দ্রব্যাদি | 30 |

| | | |
|---|---|---|
| 8.2 | পোষাক বিধি | 30 |
| **অধ্যায়** | **9 - পিতামাতা / অভিভাবকদের জন্য তথ্যাদি** | 31 |
| **অধ্যায়** | **10 - প্রবেশপত্র** | 32 |
| **অধ্যায়** | **11 - পরীক্ষাকেন্দ্রে যে বিধি মানতে হবে** | 33 - 34 |
| **অধ্যায়** | **12 - অসদুপায়, পরীক্ষাবিধি লঙ্ঘন** | 35 |
| 12.1 | অসদুপায় গ্রহণের শাস্তি | 35 |
| 12.2 | ফলাফল বাতিল | 35 |
| **অধ্যায়** | **13 - মেধা তালিকা ও যোগ্যতা নির্ণয়ের শর্তাবীল** | 36 - 37 |
| 13.1 | যোগ্যতা নির্ণায়ক শর্তাবলী | 36 |
| 13.2 | সমান নম্বর প্রাপ্ত প্রার্থীদের আন্তঃ মেধা | 37 |
| 13.3 | 15% সর্বভারতীয় সংরক্ষিত আসনে মেধা তালিকার কাউন্সেলিং | 37 |
| 13.4 | 15% সর্বভারতীয় সংরক্ষণ ব্যতীত অন্যান্য আসনে মেধা তালিকা | 37 |
| **অধ্যায়** | **14 - কাউন্সেলিং-এর নির্দেশিকা** | 38 |
| 14.1 | সর্বভারতীয় ক্ষেত্রের 15% আসন এবং AFMC, ESI, দিল্লি বিশ্ববিদ্যালয় (DU), BHU, AMU, AIIMS, JIPMER, প্রতিম বিশ্ববিদ্যালয় সহ সকল আসনের কাউন্সেলিং | 38 |
| 14.2 | সর্বভারতীয় 15% কোটা ব্যতীত বাকি আসনে ভর্তির কাউন্সেলিং | 38 |
| **অধ্যায়** | **15 - পরীক্ষা পরবর্তী কার্যাবলী ও ফল প্রকাশ** | 39 - 40 |
| 15.1 | OMR সীট প্রদর্শন ও ওয়েবসাইটে সঠিক উত্তর | 39 |
| 15.2 | আপত্তি জানাবার জন্য উত্তর পত্র প্রদর্শন | 39 |
| 15.3 | ফল প্রকাশ | 39 |
| 15.4 | উত্তরপত্রের পুনঃপরীক্ষা | 39 |
| 15.5 | অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক NEET (UG) - 2020-এর ফলাফল ব্যবহার | 40 |
| 15.6 | নিয়মাবলীর অবাঞ্ছিত জিনিস দূরীকরণ | 40 |
| **অধ্যায়** | **16 - সাধারণ পরিষেবা কেন্দ্র / সহায়তা কেন্দ্র** | 41 |
| **অধ্যায়** | **17 - অনুসন্ধান বিহিত পদ্ধতি (QRS)** | 42 - 43 |


## পরিশিষ্ট


| | | | |
|---|---|---|---|
| 1 | পরিশিষ্ট I | মূল সিলেবাস | 49 - 66 |
| 2 | পরিশিষ্ট II | NEET (UG) - 2020 পরীক্ষা গ্রহণের জন্য রাজ্য / কেন্দ্রশাসিত অঞ্চল সমূহের পরীক্ষাকেন্দ্রের শহর তালিকা | 66 - 69 |
| 3 | পরিশিষ্ট III | কেন্দ্রশাসিত জম্মু ও কাশ্মীর/কেন্দ্রশাসিত লাদাকের পরীক্ষার্থীদের ঘোষণাপত্রের ফর্ম | 70 |
| 4 | পরিশিষ্ট IV | রাজ্য চিকিৎসাবিদ্যা শিক্ষার সমাহর্তা দপ্তর ও অফিস সমূহের তালিকা যেখানে কাউন্সেলিং সংক্রান্ত তথ্য জানা যাবে | 71-80 |
| 5 | পরিশিষ্ট V | NEET (UG) - 2020 পরীক্ষার রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলসমূহের কোড নম্বর | 81-82 |
| 6 | পরিশিষ্ট VI | NEET (UG) - 2020 পরীক্ষায় পেশা, শিক্ষাগত যোগ্যতা ও আয়ের (শুধুমাত্র বাবা/অভিভাবক/মা) কোড নম্বরের তালিকা | 83 |
| 7 | পরিশিষ্ট VII | দ্বাদশ শ্রেণির স্কুলবোর্ড সমূহের কোড নম্বর তালিকা | 84 - 85 |
| 8 | পরিশিষ্ট VIII | মেডিক্যাল / ডেন্টাল/আয়ুর্বেদ / সিদ্ধা / ইউনানি / হোমিওপ্যাথি কলেজ সমূহের বিশদ বিবরণ | 86 |

| | | | |
|---|---|---|---|
| 9 | পরিশিষ্ট IX | প্রতিবন্ধী শংসাপত্র (MCI/NMC/DCI/JIPMER নির্দেশিকা অনুসারে) | 87 |
| 10 | পরিশিষ্ট X | তফশিলী জাতি ও তফশিলী উপজাতি শংসাপত্রের নমুনাপত্র | 88 |
| 11 | পরিশিষ্ট XI | অন্যান্য অনগ্রসর শ্রেণির (OBC-NCL) শংসাপত্রের নমুনাপত্র | 89 |
| 12 | পরিশিষ্ট XII | প্রতিবন্ধী ব্যক্তি সমূহের অধীনস্থ প্রার্থীদের (PwD) | 90-98 |
| 13 | পরিশিষ্ট XIII | সাহায্যকারী লেখক চাইবার অঙ্গীকারপত্র | 99 |
| 14 | পরিশিষ্ট XIV | একক কন্যাসন্তানের হলফনামা | 100 |
| 15 | পরিশিষ্ট XV | সংখ্যালঘু ছাত্রছাত্রীদের সহায়তার উদ্দেশ্যে সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের অঙ্গীকার পত্র | 101 |
| 16 | পরিশিষ্ট XVI | গ্যাজেট অফ ইন্ডিয়া (জাতীয় মেডিক্যাল কমিশন বিধি, 2019) | 102 - 129 |
| 17 | পরিশিষ্ট XVII | আবেদন পত্রের প্রতিলিপি | 130 - 139 |
| | গুরুত্বপূর্ণ জ্ঞাতব্য বিষয় | | 140-144 |


“NTA লিঙ্গ-নিরপেক্ষ নীতি মেনে চলে। কোনো NTA নথিপত্রে বা যোগাযোগপত্রে লিঙ্গনির্ভর শব্দ থাকলে তা অন্যভাবে উল্লিখিত না হলে সকল লিঙ্গ তথা পুরুষ / নারী / রূপান্তরকামী সবাইকে বোঝাবে।”

# তথ্য পুস্তিকা

## জাতীয় যোগ্যতা নির্ণায়ক ও প্রবেশিকা পরীক্ষা

## NEET (UG) - 2020

### অধ্যায় - 1 – ভূমিকা

**1.1 জাতীয় অভীক্ষম সংস্থার পরিচিতি (NTA)**

ভারত সরকারের মানবসম্পদ উন্নয়ন মন্ত্রক (MHRD) একটি স্বাধীন, স্বশাসিত ও স্বয়ংসম্পূর্ণ মুখ্য সংগঠন হিসেবে জাতীয় অভীক্ষণ সংস্থা (NTA) প্রতিষ্ঠা করেছে। এটি সোসাইটিজ রেজিস্ট্রেশন বিধি অনুসারে স্বনির্ভর ও স্বয়ংসম্পূর্ণ সংগঠন হিসেবে পরিচিত।

**সংস্থার উদ্দেশ্য, উপর্যিপরি অন্তর্ভুক্ত**

(i) প্রবেশ পরীক্ষায় প্রার্থীদের যোগ্যতা নির্ণয়ে দক্ষতার সাথে স্বচ্ছ ও আন্তর্জাতিক মানের পরীক্ষা গ্রহণ।

(ii) শিক্ষা, প্রশিক্ষণ ও পরীক্ষাপদ্ধতি নিয়ে গবেষমা চালিয়ে মূল্যায়ন পদ্ধতির দুর্বলতা নির্ধারণ ও তা দূর করার উদ্যোগ গ্রহণ।

(iii) শিক্ষা ও প্রকৌশলবিদ্যা উন্নয়ন সংক্রান্ত গবেষণার ফলাফল সকলের কাছে প্রেরণ ও প্রচার।

**1.2 জাতীয় মেডিক্যাল কমিশনের পরিচিতি (NMC)**

জাতীয় মেডিক্যাল কমিশন বিধি, 2019 (নং 30, 2019) অনুসারে কেন্দ্রীয় সরকার জাতীয় মেডিক্যাল কমিশন নামে একটি কমিশন গঠন করেছে। এই বিধি অনুযায়ী ভারতের সকল চিকিৎসাবিদ্যার প্রতিষ্ঠানে স্নাতক ও স্নাতকোত্তর পাঠক্রমে ভর্তির জন্য একইরকম জাতীয় যোগ্যতা নির্ণায়ক ও প্রবেশিকা পরীক্ষা গ্রহণ করা হবে।

স্নাতকস্তরে চিকিৎসাবিদ্যায় ভর্তির জন্য NEET(UG)-2020 পরীক্ষা NTA পরিচালনা করবে।

## অধ্যায় - 2

# জাতীয় যোগ্যতা নির্ণায়ক ও প্রবেশিকা পরীক্ষা

## NEET (UG) - 2020

### 2.1 NEET (UG) - 2020 পরিচিতি

'National Medical Commission Act, 2019' 8 আগষ্ট, 2019 রাষ্ট্রপতির অনুমোদন পেয়েছে। এই 'National Medical Commission Act, 2019' এর 14 নম্বর অনুচ্ছেদ অনুসারে দেশে সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্নাতক স্তরে ছাত্র ভর্ত্তির জন্য এক এবং অভিন্ন 'National Eligibility cum Entrance Test (NEET)' প্রবর্ত্তিত হবে। সুতরাং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান যেমন AIIMS (New Delhi), JIPMER এবং অন্যান্য AIIMS সদৃশ প্রতিষ্ঠান শুধুমাত্র NEET-এর মাধ্যমেই ছাত্র ভর্ত্তি করতে পারবে। (NMC Act, 2019 at Appendix XIV)

(a) মেডিক্যাল পাঠক্রমে স্নাতকস্তরের সমস্ত আসন NEET (UG) - 2020 পরীক্ষার মাধ্যমে ভর্তি হবে। বিভিন্ন কোটায় প্রাপ্ত আসন সংখ্যা নীচে দেওয়া হল।

- (i) সর্বভারতীয় কোটায় আসন সংখ্যা
- (ii) রাজ্য সরকার সমূহের আসন সংখ্যা
- (iii) কেন্দ্রীয় প্রতিষ্ঠান / বিশ্ববিদ্যালয় / প্রতিম বিশ্ববিদ্যালয়-এ আসন সংখ্যা
- (iv) বেসরকারী মেডিক্যাল / ডেন্টাল / আয়ুর্বেদ / সিদ্ধা / ইউনানি / হোমিওপ্যাথি কলেজ এবং বেসরকারী বিশ্ববিদ্যালয়ে রাজ্য / ম্যানেজমেন্ট / প্রবাসী ভারতীয় নাগরিক কোটায় আসন সংখ্যা।
- (v) কেন্দ্রীয় আসন সংখ্যা
- (vi) প্রবাসী ভারতীয় নাগরিক কোটা এবং ম্যানেজমেন্ট কোটা সহ সকল আসন বেসরকারী স্বাধীন/সাহায্যপ্রাপ্ত সংখ্যালঘু / অসংখ্যালঘু মেডিক্যাল কলেজে NEET (UG) - 2020 পরীক্ষার মেধা তালিকার মাধ্যমে পূরণ করতে হবে।

(b) কোনো ভারতীয় নাগরিক/সমুদ্র ওপারের ভারতীয় নাগরিক চিকিৎসাবিদ্যার স্নাতকস্তরে বিদেশি কোনো প্রতিষ্ঠানে (মেডিক্যাল/ডেন্টাল/আয়ুর্বেদ/সিদ্ধা/ইউনানি/হোমিওপ্যাথি) পড়তে চাইলে NEET (UG) - 2020 পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

(c) MCC এবং DGHS (স্নাতক মেডিক্যাল পাঠক্রম) 15% সর্বভারতীয় আসন এবণ প্রতিম বিশ্ববিদ্যালয় / কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় / ESIC ও AFMC এর আসনসহ দিল্লি বিশ্ববিদ্যালয় (DU), HBHU, AMU, AIIMS, JIPMER-এর আসনের জন্য কাউন্সেলিং করবে। রাজ্য, অন্যান্য বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানের যে আসন রয়েছে তার ভর্তির কাউন্সেলিং পৃথকভাবে স্ব স্ব কর্তৃপক্ষ বিজ্ঞাপিত করবে।

(d) NEET (UG) - 2020 এর ফলাফল ভর্তির প্রয়োজনে নিজস্ব নিয়ম মেনে যে কোনো কেন্দ্রীয়/রাজ্য সরকারি প্রতিষ্ঠান ব্যবহার করতে পারবে।

(e) কাউন্সেলিং-এর সময় উত্তীর্ণ প্রার্থীদের যোগ্যতা নির্ণায়ক নথিপত্র, অঙ্গীকারপত্র ইত্যাদি নিয়মমাফিক উপযুক্ত কর্তৃপক্ষ এবং মেডিক্যাল / ডেন্টাল / সিদ্ধা / ইউনানি / হোমিওপ্যাথি কলেজগুলি পরীক্ষা করবে।

### 2.2 NEET (UG) পরীক্ষায় NTA-এর ভূমিকা

উচ্চশিক্ষা প্রতিষ্ঠান সমূহে ভর্তি ও ফেলোশিপ অর্জনের প্রবেশিকা পরীক্ষা গ্রহণের জন্য কেন্দ্রীয় সরকার জাতীয় অভীক্ষণ সংস্থা গঠন করেছে। ভারত সরকারের মানবসম্পদ উন্নয়ন মন্ত্রকের অধীন উচ্চশিক্ষা বিভাগ পত্র মাধ্যমে [পত্রসংখ্যা - F.No 19-5/2014 – TS-I, তারিখ 6 জুলাই 2018] NTA-কে NEET (UG) - 2020 পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত জানিয়েছে।

প্রবেশিকা পরীক্ষা গ্রহণ, ফল প্রকাশ এবং সেই ফলাফলের সর্বভারতীয় ভিত্তিক যোগ্যতার ক্রমাঙ্ক তৈরি করে ভারত সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীন সাধারণ স্বাস্থ্য পরিষেবার সমাহর্ত অফিসে পাঠানোর দায়িত্ব পর্যন্ত NTA-এর কাজ সীমাবদ্ধ।

*সূত্র : পত্রসংখ্যা MED 1019/C.R.359/Edu-2 dated 22 oct, 2019*

## 2.3 প্রবেশিকা পরীক্ষার তারিখ

3 মে 2020 (রবিবার) দুপুর দুটো থেকে বিকেল পাঁচটা পর্যন্ত NEET (UG) - 2020 পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময়সীমা তিন ঘণ্টা। এই দিনে সরকারি ছুটির দিন ঘোষিত হলেও পরীক্ষাসূচি অপরিবর্তিত থাকবে।

## 2.4 উল্লেখযোগ্য ওয়েবসাইট

(i) NEET (UG) - 2020 পরীক্ষার জন্য NTA-এর অফিসিয়াল ওয়েবসাইট ntaneet.nic.in. পরীক্ষা সংক্রান্ত সকল তথ্যাদি শুধুমাত্র এই ওয়েবসাইটে পাওয়া যাবে।

(ii) সর্বভারতীয় ভিত্তিক 15% আসন, কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় / বিশ্ববিদ্যালয় ও প্রতিম বিশ্ববিদ্যালয়ের কাউন্সেলিং সংক্রান্ত তথ্যাদি যে অফিসিয়াল ওয়েবসাইটে পাওয়া যাবে

**MBBS / BDS পাঠক্রমের জন্য**

- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক : www.mohfw.gov.in
- মেডিক্যাল কাউন্সেলিং কমিটি : www.mcc.nic.in

**BAMS / BSMS / BUMS / BHMS পাঠক্রমের জন্য**

- AYUSH মন্ত্রক : www.ayush.gov.in
- AYUSH প্রবেশিকা কেন্দ্রীয় কাউন্সেলিং কমিটি : www.aaccc.gov.in

(ii) অবশিষ্ট আসনের জন্য, অনুগ্রহ করে সংশ্লিষ্ট রাজ্য বা সংস্থার ওয়েবসাইট অনুসন্ধান করতে হবে।

(iv) তথ্য পুস্তিকা বহির্ভূত কোনো বিষয়ে NTA / MoH&FW / MCI / DGHS / NMC / DCI / MoA / CCIM / BoGCCH-এর সিদ্ধান্ত চূড়ান্ত ও বাধ্যমূলক হিসাবে বিবেচিত হবে।

## 2.5 আইনগত এক্তিয়ার

পরীক্ষা সণক্রান্ত ও আসন নির্ধারণ বিষয়ক যে কোনো বিরোধ দিল্লির আইনগত এক্তিয়ারের অধীন বলে গণ্য হবে। NTA-এর বরিষ্ঠ অধিকর্তা (প্রশাসন) সংস্থার আইনি বিষয়াবলী তদারকি করবেন। তাঁর নামেই আদালতে সকল অভিযোগ জানাতে হবে।

**বি.দ্র. :** স্নাতকস্তরে Medical কোর্সগুলি হচ্ছে : Medical / Dental / BAMS / BSMS / BUMS / BHMS

বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান / রাজ্য সরকার প্রেরিত অনুরোধ / নিবেদনগুলি Appendix XVI-এ সংযোজন করা হয়েছে। সর্বশেষ আদেশ ও বিজ্ঞপ্তি জানার জন্য প্রার্থীদের নিয়মিতভাবে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান / রাজ্যসরকারী ওয়েবসাইটগুলি দেখতে অনুরোধ করা হচ্ছে।

## অধ্যায় 3 — সাধারণ তথ্যাদি

### 3.1 সাধারণ নির্দেশাবলী

ন্যাশনাল মেডিক্যাল কমিশন বিধি - 2019, ইন্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল বিধি - 1956 এবং দন্ত চিকিৎসাবিদ্যা বিধি - 1948 এবং সংশ্লিষ্ট হেল্‌থকেয়ার প্রফেশন বিল অনুযায়ী জাতীয় যোগ্যতা নির্ণায়ক ও প্রবেশিকা পরীক্ষা NEET (UG) - 2020 অনুষ্ঠিত হবে। উপরিউক্ত বিধিসমূহ সময়ভেদে সংশোধনযোগ্য।

i. শুধুমাত্র NEET (UG) - 2020 পরীক্ষায় বসলেই কেউ স্নাতক মেডিক্যাল পাঠক্রমে ভর্তির অধিকারী হবে না। এই পাঠক্রমে ভর্তি হতে গেলে ভারত সরকার, রাজ্য সরকার, বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান এবং মেডিক্যাল / দন্তচিকিৎসাবিদ্যা / আয়ুর্বেদ / সিদ্ধা / ইউনানি / হোমিওপ্যাথি কলেজ দ্বারা বিধিবদ্ধ শর্তাবলী যেমন যোগ্যতা, মেধা তালিকার ক্রমাঙ্ক, শারীরিক সক্ষমতা ও অন্যান্য নিয়মাবলী পূরণ করতে হবে।

ii. কোনো প্রার্থীর আবেদন পত্রে ভুল এবং মনগড়া তথ্য থাকলে সেই আবেদন পত্র অগ্রাহ্য হবে এবং ভবিষ্যতে NTA পরিচালিত পরীক্ষায় সে বসতে পারবে না। ওই প্রার্থীকে ফৌজদারী মামলায় দোষী সাব্যস্ত ও দন্ডিত করা হবে।

iii. অসম্পূর্ণ আবেদনপত্র এবং নির্দেশাবলী বহির্ভূত নিয়মে পূরণ করা আবেদনপত্র কোনো আগাম খবর না দিয়েই বাতিল করা হবে।

iv. সেইক্ষেত্রে জমা দেওয়া পরীক্ষার ফি ফেরত হবে না ও ভবিষ্যতের কোনো পরীক্ষার ফি হিসেবেও তা গ্রাহ্য হবে না।

v. একবার আবেদন পত্র জমা দিলে তা ফেরত নেওয়া যাবে না। প্রার্থীদের অবশ্যই মনে রাখতে হবে যে ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে ফি এর টাকা কাটা হয়েছে দেখলেই ফি জমা পড়েছে বলে নিশ্চিত হওয়া যাবে না। ফি জমা পনার হাল তথ্য ও নিশ্চিতপত্র তৈরির পর এবিষয়ে নিশ্চিত হওয়া যাবে।

vi. NTA ও অন্যান্য কর্তৃপক্ষের সিদ্ধান্তের ভিত্তিতে তথ্যপুস্তিকার সময় ভেদে নির্দেশাবলী বদল হতে পারে। আবেদনকারীদের তাই কিনা দেখার জন্য ntaneet.nic.in ওয়েবসাইটি নিয়মিত দেখতে অনুরোধ করা হচ্ছে।

vii. প্রবেশপত্র পাঠিয়ে দেওয়ার পরেও যদি দেখা যায় তা ভুলক্রমে ঘটেছে তবে NEET (UG) - 2020 পরীক্ষায় প্রার্থীকে বসতে না দেওয়ার পূর্ণ অধিকার NTA-এর থাকবে।

viii. NEET (UG) - 2020 পরীক্ষায় প্রার্থীর যোগ্যতা নির্ধারণ পুরোপুরি সাময়িক। MoH & FW / MCI / NMC / DCI / NTA / MCC / MoA / AACCC / CCIM / BoGCCH ও অন্যান্য ভর্তিযোগ্য প্রতিষ্ঠানের শর্তাবলী পূরণের পর প্রার্থীর যোগ্যতা প্রমাণিত হবে।

ix. যোগ্যতা নির্ধারণ / পরীক্ষা গ্রহণ / প্রার্থীর নিবন্ধিকরণ / তথা ইত্যাদির বেলায় কোনো নির্দেশ / শর্ত / নিয়মে যদি অস্পষ্টতা দেখা যায় তবে MoH & FW / MCI / NMC / DCI / NTA / MCC ও অন্যান্য ভর্তি প্রদানকারী প্রতিষ্ঠানের সিদ্ধান্তই চূড়ান্ত ও বাধ্যতামূলক সিদ্ধান্ত হিসেবে গণ্য হবে।

x. NEET (UG) - 2020 পরীক্ষা চলাকালীন ভিডিও ছবি তোলা হবে। প্রার্থীরা ছবি তোলার সময় মাথা সোজা করে থাকবে যাতে তাদের সবাইকে স্পষ্টভাবে চেনা যায়। ভিডিওগ্রাফীতে প্রার্থীর সহমত ও সহযোগীতা কাম্য।

### 3.2 NEET (UG) - 2020 পরীক্ষার প্যাটার্ন

| বিষয় | প্রশ্নের ধরন | সময়কাল | প্রশ্ন সংখ্যা | নম্বর |
|---|---|---|---|---|
| পদার্থবিদ্যা<br>রসায়নবিদ্যা<br>জীববিদ্যা (উদ্ভিদবিদ্যা ও প্রাণীবিদ্যা) | MCQ<br>চারটি পছন্দ থাকবে। একটি নির্ভুল / সর্বাধিক পছন্দ থাকবে | দুপুর দুটো থেকে বিকেল পাঁচটা | 45<br>45<br>90 | 180<br>180<br>360 |
| মোট নম্বর | | | 180 | 720 |

**উল্লেখযোগ্য বিষয়**

I. প্রতি প্রশ্নের মূল্যমান 04 (চার)।

II. প্রতি সঠিক উত্তরের জন্য প্রার্থী 04 (চার) নম্বর পাবে।

III. ভুল উত্তরদানের জন্য মোট প্রাপ্ত নম্বর থেকে প্রতি প্রশ্নে 01 (এক) নম্বর বাদ যাবে।

IV. প্রশ্নের উত্তর দেওয়ার সময় সঠিক পছন্দের একটি উত্তর বাছতে হবে।

V. যদি উত্তরপত্রে সঠিক উত্তর একাধিক দেখা যায়, তখন একাধিক সটিক জায়গা চিহ্নিত করলে 04 (চার) নম্বর দেওয়া হবে। ভুল উত্তর দিলে 01 (এক) নম্বর বাদ যাবে। কোনো প্রশ্নের উত্তর না দিলে তার জন্য কোনো নম্বর দেওয়া হবে না। যদি কোনো ত্রুটিপূর্ণ বা ভুল প্রশ্ন থাকে, সেই প্রশ্নের উত্তর কেউ করুক বা না করুক, 04 (চার) নম্বর পাবে।

**3.3 পরীক্ষার ধরন**

NEET (UG) - 2020 কলম ও কাগজের পরীক্ষা। বিশেষ ধরনের মেশিনে তৈরি কাগজের সীটে বল পেন দিয়ে উত্তর করতে হবে।

**3.4 পরীক্ষার সময়কাল**

পরীক্ষার সময়কাল তিন ঘণ্টা

**3.5 প্রশ্নপত্রের মাধ্যম**

i) নীচের এগারোটি ভাষার যে কোনো একটি ভাষায় প্রার্থী প্রশ্নপত্র নির্বাচন করতে পারবে।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ইংরেজি | হিন্দি | অসমিয়া | বাংলা | গুজরাটি | কন্নড় |
| মারাঠি | ওড়িয়া | তামিল | তেলেগু | উর্দু | — |

ii) **যে ভাষার প্রশ্নপত্রে প্রার্থী পরীক্ষা দেবে আবেদনপত্র পূরণের সময় তা অতি সতর্কতার সঙ্গে পূরণ করতে হবে। একবার পূরণ হলে পরে তা বদল করা যাবে না।**

iii) যে সকল প্রার্থী ইংরেজিতে পরীক্ষা দেবে তাদের শুধুমাত্র ইংরেজি প্রশ্নপত্র দেওয়া হবে।

iv) যে সকল প্রার্থী হিন্দিতে পরীক্ষা দেবে তাদের ইংরেজি ও হিন্দি দ্বিভাষিক প্রশ্নপত্র দেওয়া হবে।

v) যে সকল প্রার্থীরা আঞ্চলিক ভাষায় পরীক্ষা দেবে তাদেরও নির্বাচিত আঞ্চলিক ভাষা ও ইংরেজি দ্বিভাষিক প্রশ্নপত্র দেওয়া হবে।

vi) যদি কোনো প্রশ্নের অনুবাদে অস্পষ্টতা থাকে তবে ইংরেজি প্রশ্নটি চূড়ান্ত বলে বিবেচিত হবে। NTA-এর সিদ্ধান্ত এই বিষয়ে চূড়ান্ত বলে গণ্য করতে হবে।

vii) আঞ্চলিক ভাষায় পরীক্ষা প্রদানের কেন্দ্রসমূহ নিচের সারণিতে দেওয়া হল।

| ক্রমিক নং | প্রশ্নপত্রের মাধ্যম | পরীক্ষা কেন্দ্র |
|---|---|---|
| 1 | ইংরেজি | সমস্ত পরীক্ষাকেন্দ্র |
| 2 | হিন্দি | সমস্ত পরীক্ষাকেন্দ্র |
| 3 | ইংরেজি ও অসমিয়া | আসামের পরীক্ষাকেন্দ্র |
| 4 | ইংরেজি ও বাংলা | পশ্চিমবঙ্গ ও ত্রিপুরার পরীক্ষাকেন্দ্র |
| 5 | ইংরেজি ও গুজরাটি | গুজরাট, দমন ও দিউ, দাদরা নগর হাভেলির পরীক্ষাকেন্দ্র |
| 6 | ইংরেজি ও কন্নড় | কর্ণাটকের পরীক্ষাকেন্দ্র |
| 7 | ইংরেজি ও মারাঠি | মহারাষ্ট্রের পরীক্ষাকেন্দ্র |
| 8 | ইংরেজি ও ওড়িয়া | উড়িষ্যার পরীক্ষাকেন্দ্র |
| 9 | ইংরেজি ও তামিল | তামিলনাড়ুর পরীক্ষাকেন্দ্র |
| 10 | ইংরেজি ও তেলেগু | অন্ধ্রপ্রদেশ ও তেলেঙ্গানার পরীক্ষাকেন্দ্র |
| 11 | ইংরেজি ও উর্দু | সমস্ত পরীক্ষাকেন্দ্র |

viii) প্রয়োজনীয় সকল শর্তাদি পূরণ হলে যে কোনো ভাষায় প্রদত্ত NEET (UG) - 2020 উত্তীর্ণ পরীক্ষার্থীরা সর্বভারতীয় কোটা ও রাজ্য সরকার প্রতিষ্ঠানে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।

### 3.6 পরীক্ষার সিলেবাস

মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়া ঘোষিত একই সিলেবাসে সকলের প্রশ্নপত্র তৈরি হবে। www.mciindia.org ওয়েবসাইটে এই সিলেবাস দেওয়া আছে। বিস্তারীত দেখার জন্য পরিশিষ্ট-I দ্রষ্টব্য।

### 3.7 NEET (UG) - 2020 পরীক্ষার কেন্দ্র/শহর

i) যে সকল শহরে NEET (UG) - 2020 পরীক্ষা অনুষ্ঠিত হবে তাদের নামের তালিকা শহর কোড সহ পরিশিষ্ট II-এ দেওয়া হয়েছে।

ii) আবেদনপত্র পূরণের সময় প্রার্থীরা পরিশিষ্ট II-এর তালিকা থেকে পছন্দের শহর ও কেন্দ্র অনুসারে অগ্রাধিকারের ক্রমানুসারে চারটি নাম শহর কোড সহ উল্লেখ করবে।

iii) নিজেদের সুবিধার কথা মাথায় রেখে প্রার্থীদের নিজের শহর ও প্রতিবেশী শহরের কোড উল্লেখ করা বাঞ্ছনীয়। অন্য রাজ্যের দূরবর্তী শহরে যেন উল্লিখিত না হয়। ভুল শহর কোড নির্বাচনের কারণে প্রার্থীদের অসুবিধা হলে NTA তার জন্য দায়ী থাকবে না।

iv) যদি কোনো শহরে ন্যূনতম সংখ্যক পরীক্ষার্থী না থাকে, অন্য কোনো শহর কেন্দ্রে প্রার্থীর নাম যুক্ত করার অধিকার NTA-এর থাকবে।

v) যদি কোনো শহরের আঞ্চলিক ভাষার পরীক্ষা কেন্দ্রে (ইংরেজি ও হিন্দি ব্যতীত) ন্যূনতম সংখ্যক পরীক্ষার্থী না থাকে, প্রার্থীর বাছাই করা কেন্দ্রের পরিবর্তে অন্য কোনো শহরে তার নাম যুক্ত করা যেতে পারে।

vi) যদিও প্রার্থীর নির্বাচিত কেন্দ্রগুলি থেকে কেন্দ্র বাছাই করার সমস্তরকম চেষ্টা থাকবে , তবু পছন্দের বাইরে অন্য কোনো শহরে প্রার্থীর পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নেয়ার অধিকার NTA-এর থাকবে।

vii) কম্পিউটারের সাহায্যে কেন্দ্র নির্বাচন করা হবে। সেখানে মানুষের কোনো হস্তক্ষেপ থাকবে না।

বিশেষ দ্রষ্টব্য : কেন্দ্র নির্বাচিত করার সময় প্রার্থীদের যাতে অসুবিধা না হয়, প্রতিবন্ধী প্রার্থীসহ সকলের ক্ষেত্রেই NTA সবরকমের চেষ্টা করবে।

# অধ্যায় 4 – নির্বাচিত হবার যোগ্যতা ও শিক্ষাগত যোগ্যতা

## 4.1 NEET (UG) - 2020 পরীক্ষা প্রদানের যোগ্যতা

NEET (UG) পরীক্ষায় বসার যোগ্যতা নিম্নলিখিত বিধি অনুসারে বলবৎ হবে :

**যোগ্যতার নিয়মাবলী নিম্নরূপ :**

(i) ভর্তির সময় ছাত্র/ছাত্রীর বয়স 17 পূরণ হতে হবে অথবা স্নাতক মেডিক্যাল পাঠক্রমের প্রথমবর্ষে ভর্তি হওয়ার বছরে 31 ডিসেম্বর তারিখের মধ্যে 17 বছর পূরণ হতে হবে।

(ii) NEET (UG) পরীক্ষায় বসার সর্বাধিক বয়সসীমা পরীক্ষার দিন পর্যন্ত 25 বছর। SC/ST/OBC-NCL আওতাভুক্ত প্রার্থী ও PwD প্রার্থীরা অতিরিক্ত 5 বছর সুযোগ পাবে।

উল্লেখ্য : স্নাতক মেডিক্যাল এডুকেশন বিধি – 1997 এবং 22.01.2018 তারিখের সংশোধিত বিধি অনুযায়ী ভর্তির সর্বাধিক বয়সসীমা 25 বছর। এই নিয়ে মহামান্য দিল্লি উচ্চ আদালতে মামলা হয়। মহামান্য আদালত 11.05.2018 তারিখে (W.P.No. 1813/2018 ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াবলী) সর্বাধিক বয়সসীমা 25 বছরের পক্ষে রায় দান করে। এই রায়ের বিরুদ্ধে মহামান্য সুপ্রিম কোর্টে মামলা হয় [SLP (C) No. 14320/2018 ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াবলী]। 29.11.2018 তারিখের এক অন্তবর্তী রায়ে সুপ্রিম কোর্ট যে প্রার্থীদের বয়স 25 বছর ও তার ঊর্ধ্বে তাদের NEET (UG) - 2019 পরীক্ষায় বসার অনুমতি দান করে। 29.04.2019 তারিখের অন্য একটি রায়ে চূড়ান্ত রায়ের অনুমোদন সাপেক্ষে কাউন্সেলিং-এ যোগদানের অনুমতি প্রদান করে। মামলার এখনও চূড়ান্ত ফয়সালা হয়নি। মহামান্য সুপ্রিম কোর্টের চূড়ান্ত রায় বেরোলে NEET (UG) - 2020 এর ক্ষেত্রে কর্তৃপক্ষ সব নির্দেশ মান্য করবে।

কাজেই 25 বছর বয়সোর্ধ্ব প্রার্থীরা আপাতত পরীক্ষায় বসার অনুমতি পাবে। সুপ্রিম কোর্টের চূড়ান্ত রায় দানের পর তাদের বিষয়টি ফয়সালা হবে।

বিষয়টি এখনও মুলতুবীর পর্যায়ে এবং অন্তবর্তী রায় বলবৎ রয়েছে। সেই বিধিমত বয়সসীমার যে যোগ্যতা নির্ধারিত হয়েছে তা নিচে দেওয়া হল।

| | |
|---|---|
| সাধারণ (UR) / সাধারণ-EWS প্রার্থীদের ক্ষেত্রে | 31.12.2003 পূর্ববর্তী কোনো তারিখে জন্ম |
| SC/ST/OBC-NCL/PwD প্রার্থীদের ক্ষেত্রে | |

(iii) বিদেশী মেডিক্যাল/ডেন্টাল প্রতিষ্ঠান থেকে কোনো ভারতীয় নাগরিক/সমুদ্র ওপারের ভারতীয় নাগরিক স্নাতক মেডিক্যাল পাঠক্রম পড়তে চাইলে NEET (UG) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (পত্রসংখ্যা V.11011/14/2018 - MEC/MEP তারিখ 17.10.2018, MoH & FW)

## 4.2 রাজ্য/প্রতিম বিশ্ববিদ্যালয় / কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় / দিল্লি বিশ্ববিদ্যালয় (DU) সহ ESIC এবং AFMC, BHU এবং AMU / কেন্দ্রীয় কোটা, AIIMS, JIPMER নিয়ন্ত্রণাধীন আসন লাভের নির্ণায়ক যোগ্যতা

(i) ভারতীয় নাগরিক, প্রবাসী ভারতীয় (NRI), সমুদ্র ওপারের ভারতীয় নাগরিক (OCI), ভারতীয় বংশোদ্ভূত ব্যক্তিগণ এবং বিদেশি নাগরিকের মেডিক্যাল / ডেন্টাল / আয়ুর্বেদ / সিদ্ধা / ইউনানি / হোমিওপ্যাথি কলেজ ভর্তি হতে পারবে যদি যার বেলায় যেমন প্রযোজ্য রাজ্য সরকার, প্রতিষ্ঠান সমূহ ও ভারত সরকারের নিয়মাবলীর সঙ্গে সাযুজ্যপূর্ণ হয়।

(ii) বিদেশী নাগরিকের সংশ্লিষ্ট মেডিক্যাল / ডেন্টাল / আয়ুর্বেদ / সিদ্ধা / ইউনানি / হোমিওপ্যাথি কলেজ ও রাজ্য থেকে নিজেদের নির্বাচিত হবার যোগ্যতা নিশ্চিত উপায়ে যাচাই করে নিতে পারে।

## 4.3 সর্বভারতীয় 15% সংরক্ষিত আসনে নির্বাচিত হবার যোগ্যতা

(a) ভারতীয় নাগরিক, প্রবাসী ভারতীয় নাগরিক (NRIs), সমুদ্র ওপারের ভারতীয় নাগরিক, ভারতীয় বংশোদ্ভূত নাগরিক ও বিদেশি নাগরিকেরা 15% সর্বভারতীয় আসনে নির্বাচিত হবার যোগ্য।

(b) কেন্দ্রশাসিত জম্মু ও কাশ্মীর প্রার্থীদের বিষয়ে

(i) কেন্দ্রশাসিত জম্মু ও কাশ্মীর রাজ্য গঠনের দিন থেকেই সর্বভারতীয় পরিকল্পনার আওতার বাইরে থেকেছে। এই এলাকার ছাত্ররা তাই 15% সর্বভারতীয় আসনে নির্বাচিত হবার সুযোগ পাবে না। যদি কেউ নির্বাচিত হতে চায় তবে তকে অনলাইন ঘোষণাপত্র দিতে হবে যা নিশ্চিতপত্রের সঙ্গে একই সাথে স্বয়ংক্রিয়ভাবে বেরিয়ে আসবে। ইচ্ছুক প্রার্থীদের কাউন্সেলিং-এর সময় এই ঘোষণাপত্র দেখাতে হবে।

(ii) কেন্দ্রশাসিত জম্মু, কাশ্মীর ও লাদাখের প্রার্থীদের জানানো যাচ্ছে যে রাজ্য গঠনের শুরু থেকে জম্মু ও কাশ্মীর সর্বভারতীয় পরিকল্পনার আওতার বাইরে থেকেছে এবং এ কারণে এতকাল ওই ছাত্রদের সর্বভারতীয় কোটা থেকে বঞ্চিত করা হয়েছে। এক্ষণে 'J&K Reorganization Act, 2019' বলবৎ ও জম্মু, কাশ্মীর এবং লাদাখ কেন্দ্র শাসিত অঞ্চলের মর্যাদা পাবার পর সংশ্লিষ্ট প্রশাসনকে এবিষয়ে অনুমতি দিতে অনুরোধ করা হয়েছে। কিন্তু এবিষয়ে এখনও কোনও সিদ্ধান্ত হয় নি। যদিও লাদাখে কোনো Medical College নেই। সুতরাং কেন্দ্রশাসিত জম্মু এবং কাশ্মীরের প্রার্থীদের উপযুক্ত সময়ে সিদ্ধান্ত জানিয়ে দেওয়া হবে।

(iii) প্রার্থীর জমা দেওয়া ঘোষণাপত্র কাউন্সেলিং-এর সময় যাচাই করা হবে। যে কোনো সময়ে যদি ঘোষণাপত্রটি মিথ্যা বলে প্রমাণিত হয় তবে ওই প্রার্থীর প্রার্থীপদ বা ভর্তি বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনি ব্যবস্থাও নেয়া হতে পারে।

(iv) বেসরকারি মেডিক্যাল / ডেন্টাল / আয়ুর্বেদ / সিদ্ধা / ইউনানি / হোমিওপ্যাথি কলেজ বা যে কোনো বেসরকারি/প্রতিম বিশ্ববিদ্যালয় এবং AFMC, AIIMS, JIPMER-এ ভর্তি হতে চাইলে যদি প্রয়োজনীয় যোগ্যতা থাকে তবে কেন্দ্রশাসিত জম্মু ও কাশ্মীরের প্রার্থীরা NEET (UG) - 2020 পরীক্ষায় বসতে পারবে।

**4.4 যোগ্যতা ও যোগ্যতা নির্ণায়ক পরীক্ষার কোড সমূহ**

নিচের সারণিতে পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার যে শর্তাদি দেওয়া রয়েছে, কোনো প্রার্থীকে NEET (UG) - 2020 পরীক্ষায় বসতে গেলে তা উল্লেখ করতে হবে।

কোড : 01 – 2020 সালে যারা দ্বাদশ মানের পরীক্ষা দিয়েছে অথচ ফল প্রকাশিত হয়নি সে সকল ছাত্র/ছাত্রী এই পরীক্ষায় বসতে পারবে কিন্তু প্রথম দফা কাউন্সেলিং-এর সময় প্রয়োজনীয় পাশের নম্বর না পেলে স্নাতক মেডিক্যাল পাঠক্রমে ভর্তির যোগ্য হিসেবে বিবেচিত হবে না।

যেসকল প্রার্থী যোগ্যতা নির্ণায়ক পরীক্ষায় ইংরেজি, পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা ও জীববিদ্যাকে প্রথম বিষয় ধরে পরীক্ষা দিয়েছে এবং প্রয়োজনীয় শতকরা নম্বর লাভের প্রত্যাশা করছে (18 নম্বর পৃষ্ঠায় বাক্সের মধ্যে দেওয়া রয়েছে) তারা প্রতিযোগিতামূলক প্রবেশিকা পরীক্ষার ফর্ম পূরণ করতে পারবে ও পরীক্ষায় বসতে পারবে। কিন্তু তাদের প্রার্থীপদ বিবেচনার পূর্বে যোগ্যতা নির্ণায়ক পরীক্ষার বিষয় ও প্রাপ্তব্য নম্বর সমেত প্রামাণ্য নথি জমা দিলে তবেই বিবেচিত হবে।

অথবা

কোড : 02 – ইন্ডিয়ান স্কুল সার্টিফিকেট পরীক্ষা যা বারো বছর পাঠ গ্রহণের পর 10+2 উচ্চ/সিনিয়র সেকেন্ডারি পরীক্ষার সমতুল ও পাঠ গ্রহণের শেষ দু বছর পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, জীববিদ্যা/জীব প্রযুক্তিবিদ্যা (ব্যবহারিক পরীক্ষা সহ) প্রধান বিষয় হিসেবে অন্তর্ভুক্ত থাকে এবং গণিতবিদ্যা বা অন্য কোনো ঐচ্ছিক বিষয় থাকে। ইংরেজির মান এমন যা ন্যাশনাল কমিটি অন এডুকেশন সুপারিশকৃত 10+2+3 কাঠামো অনুযায়ী ন্যাশনাল কাউন্সিল অফ এডুকেশনাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং স্থিরিকৃত ইংরেজি কোর পাঠক্রমের চেয়ে কম নয়।

***যে সকল ছাত্রছাত্রী 10+2 মুক্ত বিদ্যালয় বা প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে উত্তীর্ণ হয়েছে তারা 'জাতীয় যোগ্যতা নির্ণায়ক ও প্রবেশিকা পরীক্ষা'য় বসতে পারবে না।***

যে সকল প্রার্থী অতিরিক্ত বিষয় হিসেবে জীববিদ্যা নিয়ে 10+2 পাশ করেছে তারা MBBS প্রবেশিকা পরীক্ষায় বসতে পারবে (মাননীয় উচ্চ আদালতের রায়দানের অর্ডার নম্বর 2341/-W/DHC/WRIT/D-1/2019 তারিখ 24/09/2019। রীট পিটিশন (C) নং 6773/2019)।

যদি কোনো প্রতিষ্ঠান মনে করে যে ভারতীয় বা বিদেশি কোনো বিশ্ববিদ্যালয়ের কোনো পরীক্ষার মান 10+2/ ইন্টারমেডিয়েট সায়েন্স পরীক্ষা তথা দ্বাদশ শ্রেণির সমতুল তবে প্রার্থীকে সংশ্লিষ্ট ভারতীয় বিশ্ববিদ্যালয় / অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ান ইউনিভার্সিটিজ থেকে এই মর্মে শংসাপত্র জমা দিতে হবে যে সে দ্বাদশ মানের 10+2/ইন্টারমেডিয়েট সায়েন্স পরীক্ষার সমতুল পরীক্ষায় পাশ করেছে।

উল্লেখ্য : বক্ররেখ অনুচ্ছেদের বিষয়টি মহামান্য দিল্লি উচ্চ আদালত, মহামান্য এলাহাবাদ উচ্চ আদালত, লক্ষ্ণৌ বেঞ্চ এবং জব্বলপুরে মহামান্য মধ্যপ্রদেশ উচ্চ আদালতের নির্দেশের ভিত্তিতে বাতিল হয়েছে। সেই সঙ্গে যে সকল প্রার্থীদের জীববিদ্যা/জীবপ্রযুক্তিবিদ্যা অতিরিক্ত বিষয় হিসেবে পাঠ্য ছিল, তারাও রায়দানের ফলে পরীক্ষা দেওয়ার স্বীকৃতি পেয়েছে। এই পরিপ্রেক্ষিতে মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়া মহামান্য সুপ্রিম কোর্টে স্পেশাল লীভ পিটিশন দাখিল করেছে ও মহামান্য উচ্চ আদালত সমূহে আপীল করেছে। কাজেই যে সকল প্রার্থী জাতীয় মুক্ত বিদ্যালয় বা রাজ্য মুক্ত বিদ্যালয় অথবা

স্বীকৃত রাজ্য বোর্ড থেকে প্রাইভেটে 10+2 পরীক্ষায় পাশ করেছে অথবা জীববিদ্যা/জীবপ্রযুক্তিবিদ্যা অতিরিক্ত বিষয় হিসাবে নিয়ে 10+2 পরীক্ষায় পাশ করেছে তারা NEET (UG) - 2020 পরীক্ষায় বসতে পারবে। তবে **মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়ার স্পেশাল লীভ পিটিশন/আপীলের ফলাফলের উপর প্রার্থীদের চূড়ান্ত স্বীকৃতি নির্ভর করবে**।

অথবা

কোড : 03 – স্বীকৃত কোনো ভারতীয় বিশ্ববিদ্যালয়/বোর্ড বা অন্য পরীক্ষা গ্রহণ সণস্থা থেকে ইন্টারমেডিয়েট/বিজ্ঞানে প্রি-ডিগ্রি উত্তীর্ণ যার বিষয় হিসাবে পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, জীববিদ্যা / জীবপ্রযুক্তিবিদ্যা (এই বিষয়গুলির ব্যবহারিক পরীক্ষাসহ) এবং আবশ্যিক বিষয় হিসাবে ইংরেজি থাকবে।

অথবা

কোড : 04 – উচ্চমাধ্যমিক বা প্রি-ইউনিভার্সিটি বা সমতুল কোনো পরীক্ষায় পাশ করার পর পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, জীববিদ্যা/ জীবপ্রযুক্তিবিদ্যা ও ইংরেজি সহ প্রি-প্রফেশনাল/প্রি-মেডিক্যাল পরীক্ষায় উত্তীর্ণ। প্রি-প্রফেশনাল/প্রি-মেডিক্যাল পরীক্ষায় উপরের বিষয়গুলির ব্যবহারিক পরীক্ষা ও ইংরেজি আবশ্যিক বিষয় হিসাবে থাকতে হবে।

অথবা

কোড : 05 – বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, জীববিদ্যা/জীবপ্রযুক্তিবিদ্যা ও এইসব বিষয়ের ব্যবহারিক পরীক্ষাসহ তিন বছরের স্নাতক পাঠক্রমের প্রথম বর্ষ উত্তীর্ণ। এর পূর্ববর্তী পরীক্ষায় প্রার্থীকে পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, জীববিদ্যা/জীবপ্রযুক্তিবিদ্যা এবং ইংরেজিসহ একটি কোর পাঠক্রমে উত্তীর্ণ হতে হবে।

অথবা

কোড : 06 – পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, জীববিদ্যা (উদ্ভিদবিদ্যা, প্রাণীবিদ্যা)/জীবপ্রযুক্তিবিদ্যা বিষয় সমূহের মধ্যে কমপক্ষে যে কোনো দুটি নিয়ে ভারতীয় কোনো বিশ্ববিদ্যালয়ের বি এসসি পরীক্ষায় উত্তীর্ণ। তার পূর্ববর্তী পরীক্ষায় তাকে পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, জীববিদ্যা ও ইংরেজি নিয়ে উত্তীর্ণ হতে হবে।

অথবা

কোড : 07 – অন্য যে কোনো পরীক্ষায় (সবশেষে দুবছরের 10+2 পাঠক্রমের সমতুল যেখানে পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, জীববিদ্যা/জীব প্রযুক্তিবিদ্যা ব্যবহারিক পরীক্ষা সহ আছে) উত্তীর্ণ যা ভারতীয় বিশ্ববিদ্যালয়/বোর্ডের ইন্টারমেডিয়েট বিজ্ঞান পরীক্ষার সমতুল যেখানে পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা এবং জীববিদ্যা/জীব প্রযুক্তিবিদ্যা ব্যবহারিক পরীক্ষা সহ রয়েছে ও ইংরেজি রয়েছে।

NEET (UG) – 2020 পরীক্ষায় বসতে হলে প্রার্থীকে পৃথক পৃথক ভাবে পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, জীববিদ্যা/জীব প্রযুক্তিবিদ্যা এবং ইংরেজিতে উত্তীর্ণ হতে হবে এবং অবশ্যই পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা ও জীববিদ্যা/জীব প্রযুক্তিবিদ্যায় মিলিত ভাবে শতকরা 50% নম্বর পেতে হবে। এই নিয়মাবলী স্নাতক মেডিক্যাল এডুকেশন, 1997 যা 2018 সালে সংশোধিত, দফা (2) এর 4নং বিধিতে উল্লিখিত ইন্ডিয়ান মেডিক্যাল সেন্ট্রাল কাউন্সিল, 1986 এবং 2018 সালে সংশোধিত 1, 2 এবং 3 নম্বর তালিকাভুক্ত 2নং বিধিতে উল্লিখিত (ভারতীয় মেডিসিন শিক্ষায় সর্বনিম্ন মান), হোমিওপ্যাথি (স্নাতক পাঠক্রম) বিধি, 1983 যা 2018 সালে সংশোধিত উপবিধি (i) 4নং বিধি সম্মত। এছাড়া NEET (UG) – 2020 প্রবেশিকা পরীক্ষায় স্নাতক মেডিক্যাল পাঠক্রমে ভর্তির মেধা তালিকায় প্রার্থীদের নাম অবশ্যই থাকতে হবে।

উপরে উল্লিখিত সর্বনিম্ন নম্বরের ভিত্তিতে MBBS কোর্সে ভর্ত্তির নিয়মটি দেশের সমস্ত INI গুলিতেও সমগুরুত্বে প্রযোজ্য হবে।

**বিশেষ দ্রষ্টব্য :** অন্যান্য সকল ক্ষেত্রে রাজ্য/প্রতিষ্ঠান যোগ্যতা নির্ধারণের উপরিউক্ত নিয়ম অনুসরণ না করে নিজস্ব নিয়ম প্রণয়ন করলে তা গ্রাহ্য হবে।

তপশীলি জাতি, তপশীলি উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণির ক্ষেত্রে পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা এবং জীববিদ্যা/জীবপ্রযুক্তিবিদ্যার যোগ্যতা পরীক্ষায় অসংরক্ষিত ও সাধারণ-অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণির সর্বমোট নম্বরের শতকরা 50% এর পরিবর্তে 40% পেতে হবে। PwD প্রার্থীদের বেলায় NMC, CCIM এবং BoGCCH নির্দেশিকা অনুযায়ী যোগ্যতা পরীক্ষায় পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা এবং জীববিদ্যায় (অথবা উদ্ভিদবিদ্যা এবং প্রাণীবিদ্যা) সর্বমোট নম্বরের শতকরা 50% এর বদলে 45% পেতে হবে।

যে সকল ছাত্র বিদেশে শিক্ষা গ্রহণ করেছে ও ভারতের মেডিক্যাল কলেজে ভর্তি হতে আগ্রহী তাদের অবশ্যই দ্বাদশ শ্রেণির পরীক্ষায় পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, জীববিদ্যা/জীবপ্রযুক্তিবিদ্যা এবং ইংরেজিতে সর্বমোট নম্বরের শতকরা 50% নম্বর পেতে হবে। অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ান ইউনিভার্সিটিজ, মেডিক্যাল কাউন্সিল অফ ইন্ডিয়া ও সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের বিধি অনুসারে তাদের সমতুল্যতা নির্ধারিত হবে।

কোনো প্রার্থী যদি 01-07 কোডের অন্তর্ভুক্ত না হয় তবে তার যোগ্যতা প্রমাণের জন্য বিস্তারিত তথ্যাদি দিতে হবে।

**বিশেষ দ্রষ্টব্য :**

- প্রি-মেডিক্যাল পাঠক্রম মেডিক্যাল কলেজ বা বিজ্ঞান কলেজে সম্পাদিত হবে।
- গণিতের নম্বর স্নাতক মেডিক্যাল পরীক্ষায় ভর্তির যোগ্যতা হিসাবে বিবেচিত হবে না। বিদেশ বা আন্তর্জাতিক বোর্ড থেকে যারা যোগ্যতা পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের পরিধি ও মান কোড - 07 এ উল্লিখিত রয়েছে।
- যে সকল প্রার্থী বিদেশী/বিদেশী বোর্ডের অধীনে পড়াশুনা করেছে তাদেরকে কোড - 07 এ বর্ণিত নিয়মানুসারে তাদের যোগ্যতা নির্ণায়ক পরীক্ষাটি যে সমজাতীয় ও সমতুল তা প্রমাণ করতে হবে।

## অধ্যায় 5 – ভর্তি প্রক্রিয়া ও সংরক্ষণ

**5.1 NEET (UG) - 2020 পরীক্ষার ফলাফলের ভিত্তিতে একটি সর্বভারতীয় মেধা তালিকা প্রস্তুত করা হবে এবং যোগ্য প্রার্থীদের শুধুমাত্র এই তালিকার ভিত্তিতে ও প্রচলিত সংরক্ষণ নীতি অনুসারে স্নাতক স্তরে Medical কোর্সে ভর্তি করা হবে। NTA-এর দায়ীত্ব শুধুমাত্র প্রত্যেক প্রার্থীকে একটি করে সর্বভারতীয় যোগ্যতা ক্রমমান প্রদান করা আর ভর্তিকারী শিক্ষা প্রতিষ্ঠানের দায়ীত্ব আলোচনা সাপেক্ষে সেই ক্রমমান অনুযায়ী ওই প্রতিষ্ঠানে আবেদনকারী প্রার্থীদের একটি তালিকা প্রস্তুত করা। স্নাতক স্তরে Medical কোর্সে ভর্তি শুধুমাত্র NEET (UG)-2020-এর সর্বভারতীয় যোগ্যতা ক্রমমান অনুসারে হবে।**

a) **রাজ্যসরকার পরিচালিত Medical কলেজ/বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান/ব্যক্তি মালিকানাধীন Medical কলেজে 15% সর্বভারতীয় সংরক্ষিত আসন ব্যতীত ভর্তি প্রক্রিয়ার নিয়মাবলী :**

I. রাজ্যসরকারের অধীন কলেজে ভর্তির জন্য সেই রাজ্যে প্রচলিত সংরক্ষণ নীতির ভিত্তিতে যা কিনা ওই রাজ্য সরকার প্রবর্ত্তন করেছে সেই সূত্রানুসারে হবে।

II. বিভিন্ন প্রকারের সংরক্ষিত আসন ওই রাজ্যের / কেন্দ্র শাসিত অঞ্চলের প্রচলিত নীতি (কিম্বা সময় সময় পরিবর্তিত) নীতি অনুসারে বন্টিত হবে।

III. ব্যক্তি মালিকানাধীন Medical কলেজের ভর্তি প্রক্রিয়া কেন্দ্রীয় সরকারী / রাজ্য সরকারী / কেন্দ্রশাসিত অঞ্চলের নীতি অনুসারে হবে।

IV. 15% সর্বভারতীয় সংরক্ষিত আসনে MCI/NMC/DCI কর্তৃক বিধিবদ্ধ নিয়মাবলির শর্ত, ভারতের শীর্ষ আদালতের রায় অনুসারে এবং DGHS দ্বারা নিয়ন্ত্রিত MCC কর্তৃক প্রবর্ত্তিত কার্যপ্রণালী অনুসারে ভর্তি করা হবে। অনুরূপে 85% রাজ্য সরকারী সংরক্ষিত আসনে MCI/NMC/DCI কর্তৃক বিধিবদ্ধ নিয়মাবলির শর্ত, ভারতের শীর্ষ আদালতের রায় এবং রাজ্য সরকার/কেন্দ্রীয় সরকার অথবা তাদের দ্বারা স্বীকৃত কোন সংস্থা কর্তৃক ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ করা হবে।

b) **AIIMS / JIPMER / Deemed বিশ্ববিদ্যালয় / কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় / BHU / AMU এবং অন্যান্য ESIC ও AFMC জাতীয় প্রতিষ্ঠানে ভর্তি প্রক্রিয়ার নিয়মাবলী :**

(i) AIIMS / JIPMER / Deemed বিশ্ববিদ্যালয় / কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় / BHU / AMU এবং দিল্লী বিশ্ববিদ্যালয় (DU) জাতীয় ESIC প্রতিষ্ঠানে ভর্তি প্রক্রিয়া পরিচালিত হবে DGHS / MoA / AACCC দ্বারা এবং আনুষঙ্গীক সংরক্ষণ নীতি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় অথবা শিক্ষাপ্রতিষ্ঠানের নিয়মানুসারে হবে।

Deemed /কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়/ ESIC এবং AFMC পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানে MBBS/BDS কোর্সে ভর্তির জন্য MCC ওয়েব সাইটে তালিকাভুক্ত (নিবন্ধিত) হতে হবে এবং Deemed/কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় জাতীয় শিক্ষাপ্রতিষ্ঠানে স্নাতকস্তরে Medical পড়ার জন্য AACCC ওয়েব সাইট তালিকাভুক্ত হতে হবে।

(ii) AFMC, পুণে, মহারাষ্ট্রতে ভর্তি ভারতের প্রতিরক্ষা মন্ত্রকের নিয়ন্ত্রণাধীন, আর্মড ফোর্স মেডিকেল সার্ভিসের Director General নির্মিত নিয়মানুসারে হবে। যে প্রার্থীরা NEET (UG)-2020 এবং / অথবা AFMC তে আবেদন করতে চায় তাদের আলাদাভাবে www.afmc.nic.in অথবা www.afmcdg1d.gov.in এই ওয়েব সাইটে AFMC -র জন্য ফর্ম পূরণ করতে হবে। মেধা তালিকায় স্থান পাওয়া প্রার্থীদের AFMC-র পরিচালনায় আবারও দ্বিতীয়বারের বাছাই প্রক্রিয়ায় হাজির হতে হবে। সঠিক প্রক্রিয়া জানবার জন্য প্রার্থীদের AFMC -এর সাথে যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে। এ সংক্রান্ত কাউন্সেলিং DGHS আয়োজন করবে।

(iii) ডিমড বিশ্ববিদ্যালয়/ কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়/ ESIC মেডিকেল কলেজ / AFMC/BHU/AMU-তে ভর্তি প্রক্রিয়া MCI/NMC/DCI এবং সংবিধিবদ্ধ নিয়মানুসারে, মহামান্য সর্বোচ্চ আদালতের রায় এবং Director General of Health Service (DGHS) এর অধিনস্ত Medical Counselling Committee (MCC) গঠিত নিয়মানুসারে হবে।

(iv) অধিকন্তু, সংশ্লিষ্ট INI গুলিতে Medical -এ ভর্তির আলাপচারিতা (Counselling) MCI-এর বিধি অনুসারে DGHS আয়োজন ও সংগঠিত করবে।

(c) যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে DGHS-এর অধীনস্ত MCI আলাপচারিতার আয়োজন করেছে, সেখানকার প্রার্থীদের MCI প্রকাশিত 'Frequently Asked Questions' দেখে পরবর্তী ধাপের আলাপচারিতার জন্য প্রস্তুতি নিতে বলা হচ্ছে কেননা প্রথমবারে তাদেরকে আসন বন্টন না করতে পারলেও Regulations on Graduate Medical Education, 1997 (Appendix F) ধারা 5A(4) অনুসারে আলাপচারিতা অন্তে কোনও আসন যাতে অপূর্ণ না থাকে তার বিধান দেওয়া আছে।

(d) যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে রাজ্য/কেন্দ্র শাসিত সরকার অনুমোদিত সংস্থা আলাপচারিতার আয়োজন করেছে সেখানকার প্রার্থীদের ওই রাজ্য/কেন্দ্রশাসিত সরকার অনুমোদিত সংস্থার দ্বারা প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী পরবর্ত্তী ধাপের আলাপচারিতার জন্য প্রস্তুতি নিতে বলা হচ্ছে কেননা প্রথম আলাপচারিতায় তাদেরকে আসন বন্টন না করতে পারলেও Regulations on Graduate Medical Education, 1997 (Appendix F) ধারা 5A(4) অনুসারে আলাপচারিতা অন্তে কোনও আসন যাতে অপূর্ণ না থাকে তার বিধান দেওয়া আছে।

**5.2 সংরক্ষণ নীতি**

ভারত সরকারের সংরক্ষণ নীতি NEET (UG) পরীক্ষাতেও প্রযোজ্য। এই নীতি অনুসারে শুধুমাত্র কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় এবণ শিক্ষাপ্রতিষ্ঠানে সাধারণ অসংরক্ষিত অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণীর জন্য (GEN-EWS) 10% তপশীল জাতিভূক্ত (SC) শ্রেণীর জন্য 7.5% এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীভুক্ত (অস্বচ্ছল) Non Creamy Layer (OBC-NCL) দের জন্য 27% সংরক্ষিত থাকবে।

রাজ্য সরকারের অধিনস্ত মেডিকেল কলেজে /বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান/ব্যক্তি মালিকানাধীন মেডিকেল কলেজের জন্য কেন্দ্রীয় সর্বভারতীয় কোটার 15% আসন বন্টনে ওই সণশ্লিষ্ট রাজ্য সরকারি সংরক্ষণ নীতি বলবৎ হবে।

**শারীরিকভাবে অক্ষম প্রার্থীদের জন্য সংরক্ষণ নীতি :**

14-05-2019 তারিখে সংশোধিত Regulation on Graduate Medical Education 1997-এর ধারা অনুসারে শারীরিকভাবে অক্ষম প্রার্থীদের আবেদনপত্র বিবেচিত হবে।

14-05-2019 তারিখে সংশোধিত Regulation on Medical Education 1997 বর্ণিত Appendix-X-1 "H-1" আরোপিত শর্ত অনুসারে ''সুস্পষ্ট অক্ষমতা" সম্পন্ন প্রার্থীদের অধিকার রক্ষার জন্য MBBS কোর্সে ভর্ত্তির ক্ষেত্রে প্রযোজ্য Rights of Persons with Disability Act, 2016 (Re). Table 1 on page no. 26 [Appendix "H-1"] (Appendix IX - দেখো)

''সুস্পষ্ট অক্ষমতা" সম্পন্ন প্রার্থীদের অধিকার রক্ষার্থে BAMS/BSMS/BUM -এর MBBS কোর্সে ভর্ত্তির জন্য "Rights of Persons with Disabilities Act, 2016" 95.02.2019 এ Gazette of India তে বর্ণিত ও 18/06/2019 এ বিজ্ঞাপিত এবং BHMS-এর MBBS কোর্সে ভর্ত্তির জন্য ওই Gazette-এর 19/06/2019-এ বিজ্ঞাপিত শর্তসাপেক্ষে বিবেচিত হবে।

**AIIMS-এর জন্য :** শারীরিক ভাবে অক্ষণ প্রার্থীদের "Rights of PND Act 2016" অনুসারে এবণ সমান্তরালভাবে শ্রেণী বিশেষে সণশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে মেডিকেল বোর্ড নির্ধারণ করবে।

**বিশেষ দ্রষ্টব্য :**

1. সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন দ্বারা প্রতিষ্ঠিত Rights of Persons with Disabilities Rules, 2017" June 2017 (Gazette of India) এর ধারা অনুযায়ী তৈরী শংসাপত্রই শুধুমাত্র বিবেচিত হবে। [Department of Emprovement of Persons with Disebilities (Divyangian)]
2. ''সুনির্দিষ্ট অক্ষমতা"-র ব্যপ্তি নিরূপন নিরুপন করতে হবে "Guidelines for the purpose of assessing the exlent of specified disability in a person included under the Rights of Persons with Disabilities Act, 2016 (49 of 2016) যা কিনা সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের গেজেট অন্তর্ভুক্ত হয়েছে 04.01.2018 তারিখে [Department of Empowerment of Persons with Disabilities (Divyaangjan)]
3. অক্ষমতা সূচকের মান সর্বনিম্ন 40% হওয়া প্রয়োজন (Benchmark Disability) তাহলেই সেই প্রার্থী সুনির্দিষ্ট অক্ষম প্রার্থী হিসেবে নিবেচিত হবে।
4. যদি কোনও PwD প্রার্থী 5% সংরক্ষিত আসনের দাবিদার হতে চায় তবে তার অক্ষমতা সূচক শংসাপত্রটি Annexure-IXA তে জ্ঞাতব্য 11 টি মনোনিত কেন্দ্রের যে কোনও একটিতে হবে হবে। ওই শংসাপত্রের বিন্যাস Annexure IX অনুসারে হবে।

- যে প্রার্থী নিজেকে এই শ্রেণীভুক্ত হিসেবে মনে করে তাকে পরামর্শ দেওয়া হচ্ছে যে সে তার নিকটস্থ সরকারী মেডিকেল কলেজ/ জেলা মেডিকেল হসপিটালে গিয়ে নিজেকে পরীক্ষা করায়। সেই নির্দিষ্ট সরকারী মেডিকেল কলেজ/জেলা মেডিকেল হসপিটাল Right of Persons with Disabilities Rules, 2017, অধ্যায় -VII অনুসারে একটি শংসাপত্র হস্তান্তর করবে/ওই শংসাপত্রটি Rights of Persons with Disabilities Act, 2016 অনুসারে হবে এবণ সুনির্দিষ্ট অক্ষমতার ব্যপ্তি নিরুপণ করার জন্য ওই Rights of Persons with Disabilities Act, 2016 যা কিনা সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের অধীন অক্ষম ব্যক্তির ক্ষমতায়ন বিভাগ (Vivyangjan) কতৃক গেজেট of India -তে 4th January 2018 যে বিজ্ঞাপিত হয়েছে এবণ এই PwD শংসাপত্র প্রাপ্তি মানে মেডিকেল কোর্সে ভর্ত্তির অধিকার নয়, এই শংসাপত্র শুধুমাত্র এটাই নিশ্চিত করে যে সে যেন ওই PwD সংরক্ষিত আসনের জন্য NEET-UG-2020 মাধ্যমে আবেদন করতে পারে।
- অতঃপর যদি প্রার্থী PwD এর জন্য সংরক্ষিত আসনের জন্য মনোনিত হয় তবে তাকে Disability Assesment Board প্রদত্ত আর একটি অক্ষমতা শংসাপত্র দাখিল করতে হবে, যেটি মিলবে শুধুমাত্র যদি সে সশরীরে তার পরীক্ষা করায়। এই শংসাপত্রটি Regulations on Graduate Medical Education, 1997, যা 14.05.2019 -এ সংশোধিত সেই ধারা অনুযায়ী। সুতরাং এটি প্রনিধানযোগ্য যে, পরীক্ষার রেজাল্ট বেরনোর পর প্রার্থী সশরীরে Disability Assesment Board এ গিয়ে নিজের অক্ষমতা-হার প্রতিষ্ঠিত করবে এবং অতঃপর যদি উপযুক্ত বিবেচিত হয় তবে সাধারণ অনলাইন ভর্ত্তির আলাপচারিতার জন্য আবেদন ও অংশগ্রহণ করবে। যদি প্রার্থী ওই Regulations on Graduate Medical Education 1997 ও 14.05.2019 তারিখে সংশোধিত ধারা অনুসারে Disability Assesment Board দ্বারা অযোগ্য বিবেচিত হয় তবে সে আর অনলাইনে সাধারণ ভর্ত্তির আলাপচারিতার জন্য বিবেচিত হবে না। তা সত্ত্বেও যদি কোনও মেডিকেল কলেজে সে ভর্ত্তির জন্য বিবেচিত হয় তবে সেটা প্রার্থী কর্তৃক জালিয়াতি বলে বিবেচিত হবে। এখানে উল্লেখ থাকে যে শারীরিক অক্ষমতার শংসাপত্র, শিক্ষা সংক্রান্ত শংসাপত্র সহ অন্যান্য শংসাপত্র শুধুমাত্র কোনও মেডিকেল কলেজে ভত্তি৩র জন্য বিবেচিত হওয়ার পরই যাচাই করা হবে।
- আরও জানানো যায় যে শুধুমাত্র Disability Assesment Board দ্বারা জারী হওয়া শংসাপত্রই বিবেচিত হবে। অন্য কোনও সরকারি মেডিকেল কলেজ জেলা হাসপাতাল বা সরকারী হাসপাতালের তৈরী শংসাপত্র বিবেচিত হবে না।
- এই Regulation on Graduate Medical Education 1997 যা 14.05.1997 তারিখে সংশোধিত অনুসারে Disability Assesment বোর্ডের দ্বারা স্বীকৃত শংসাপত্রটি DGHS এর অধীনস্ত মেডিকেল কাউন্সেলিং কমিটির ওয়েবসাইটে আপলোড করা হবে যাতে সে সর্বভারতীয় কোটার জন্য উপরক্ত বিভিন্ন মেডিকেল কলেজে/শিক্ষা প্রতিষ্ঠানে বিবেচিত হতে পারে যেটি আয়োজন করবে MCC, DGHS।
- সুতরাং সাধারণভাবে রাজ্য সরকারী/কেন্দ্রশাসিত অঞ্চলসমূহের মনোনীত কাউন্সেলি সংস্থাও আর একটি Disability Assesment Board তৈরী করবে যেদি Regulations on Graduate Medical Education 1997 ও 14.05.2019-এ সংশোধিত ধারা অনুসারে প্রার্থীর নাম সুপারিশ করবে এবং সেটি ওয়েবসাইটে অবহিত করবে।

যদি কোনো বিশেষভাবে অক্ষম প্রার্থীর নিজ পছন্দের সাহায্যকারী দরকার তাকে Appendix XII তে উল্লিখিত ফর্ম অনুসারে সাহায্যকারীর বিস্তারিত তথ্য জমা করতে হবে। যদি পরীক্ষাকেন্দ্রকে সাহায্যকারী সরবরাহ করতে হয় তবে অন্তত একদিন আগে সংশ্লিষ্ট পরীক্ষাকেন্দ্রকে জানাতে হবে।

**বিশেষ দ্রষ্টব্য :**

(i) সাহায্যকারীকে উপযুক্ত সরকার প্রদত্ত প্রমাণপত্র পরীক্ষাকেন্দ্রে আনতে হবে যে প্রমাণপত্রটি জমা দেওয়া ফর্মে উল্লিখিত আছে।

(ii) সাহায্যকারীকে তার নিজের দু-কপি পাসপোর্ট সাইজের ছবি সঙ্গে আনতে হবে।

(iii) যে প্রার্থী লেখক / পাঠক / পরীক্ষাগার সহায়ক সাহায্যকারী নেবে সে ঘণ্টা প্রতি কুড়ি মিনিট বেশি সময় পেতে পারে।

(iv) সরকার যেমন যেমন ভাবে এই সংরক্ষণ পদ্ধতির পরিবর্ত্তন করবে শিক্ষাপ্রতিষ্ঠানগুলিও সেই অনুসারে তাদের নিয়মের পরিবর্ত্তন করবে। প্রার্থীদেরকে ভর্ত্তির সময়ে সর্বশেষ বিজ্ঞপ্তির প্রতি দৃষ্টি রাখতে বলা হচ্ছে।

**গুরুত্বপূর্ণ দ্রষ্টব্য :**

NTA কর্তৃক উল্লিখিত NEET (UG) - 2020 রেজিস্ট্রেশনের শেষ দিন পেরিয়ে গেলে আর প্রার্থীর শ্রেণী পরিবর্ত্তনের আবেদন বিবেচিত হবে না এবং NTA NEET (UG) Score 2020 প্রকাশিত হওয়ার পর আর কোনও প্রকার পরিবর্ত্তন কার্যকরী হবে না।

প্রার্থীর যদি কোনো উল্লেখযোগ্য অক্ষমতা থাকে তবে সে একজন লেখক / পাঠক / পরীক্ষাগার সহায়কের সাহায্য পেতে পারে যা কিনা RPwD Act, 2016 এর 2(r) ধারা অনুসারে উপলব্ধ এবং এটি প্রার্থী যা চায় সেই অনুসারে লেখার ক্ষমতা কিম্বা লেখার গতি সংক্রান্ত হতে পারে।

যদি প্রার্থীর উল্লেখযোগ্য অক্ষমতা দৃষ্টিহীনতা, লোকোমোটর (দুই হাতই অক্ষম বি.এ.) এবং Celebral Pulsy সংক্রান্ত হয় তবে প্রার্থীর আবেদনক্রমে তাকে লেখক / পাঠক / পরীক্ষাগার সহায়কের সাহায্য দেওয়া যেতে পারে।

যখন প্রার্থীর অন্য কোনও প্রকার উল্লেখযোগ্য অক্ষমতা থাকে তখনও সে কোনও লেখক / পাঠক / পরীক্ষাগার সহায়েকর সাহায্য পেতে পারে যদি সে Appendix XII তে উল্লেখিত ফর্ম অনুসারে কোনও Chief Medical Officer / Civil Surgeon / সরকারি স্বাস্থ্যসেবার Medical Superintndent কর্তৃক প্রদত্ত শংসাপত্র সহ আবেদন করে।

এই নির্দেশে এটিও অনুমোদিত আছে যে প্রার্থী তার নিজের পছন্দের লেখক / পাঠক নিতে পারে যদি সাহায্যকারীর যোগ্যতা পরীক্ষার্থী প্রার্থীর যোগ্যতার একধাপ নিচে হয়।

## অধ্যায় 6 – আবেদনপত্র জমা ও ফি প্রদান

### 6.1 আবেদনপত্র পূরণের প্রস্তুতি

NEET (UG) - 2020 আবেদনপত্র পূরণের জন্য প্রার্থীকে ntaneet.nic.in ওয়েবসাইটে লগ ইন করতে হবে।

আবেদনপত্র জমা করার পূর্বে নিম্নলিখিত প্রস্তুতি নেওয়া প্রয়োজন।

অনলাইন ফর্মপূরণে যে যে তথ্যগুলির প্রয়োজন যেমন বাবার/মায়ের ও নিজের নাম সঠিক বানান সহ, আধার নম্বর (শেষ চারটি সংখ্যা) / বোর্ড প্রদত্ত ক্লাস XII-এর রোল নম্বর / ভোটার কার্ড (EPIC No.) / পাশপোর্ট নম্বর / রেশন কার্ড নম্বর / ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর / অন্যান্য বৈধ পরিচয়পত্রের নম্বর, জন্মের তারিখ, ঠিকানা, মোবাইল ফোন নম্বর, ই-মেল আই ডি ইত্যাদি প্রস্তুত রাখতে হবে। প্রার্থীদের পরামর্শ দেওয়া হচ্ছে যে তারা যেন আসল আবেদনপত্র পূরণের আগে Appendix-XVII এ প্রদত্ত আবেদনপত্রের প্রতিলিপিতে নজর দেয়।

প্রার্থীকে নিম্নলিখিত যে কোন একটি পরিচয়পত্রের বিস্তৃত তথ্য দিতে হবে।

| প্রার্থীর শ্রেণী | অনুমোদনযোগ্য পরিচয়পত্রের ধরণ |
|---|---|
| ভারতবর্ষের যে কোনও রাজ্যের নাগরিক | আধার নম্বরের শেষ সংখ্যা, বোর্ড প্রদত্ত ক্লাস XII-এর রোল নম্বর, ভোটার কার্ড (EPIC No.), রেশন কার্ড, ফটোগ্রাফ সহ ব্যাঙ্কের পাশবই, পাশপোর্ট নম্বর, অন্য কোনও সরকার প্রদত্ত ফটো পরিচয়পত্র। |
| অনাবাসী ভারতীয় | পাশপোর্টের নম্বর, আধার নম্বর (শেষ চার সংখ্যা) |
| বিদেশী নাগরিক/ OCI / PIO | পাশপোর্টের নম্বর / আধার নম্বর (শেষ চার সংখ্যা) |

আবেদনপত্র অনলাইনে আপলোড করার জন্য সকল ছবি শুধুমাত্র JPG/JPEG ফর্মাটে আপলোড করতে হবে।

সাম্প্রতিক তোলা পাশপোর্ট ছবি (ফাইল সাইজ : 10 কেবি - 200 কেবি), পোষ্টকার্ড সাইজের ছবি (4"×6") (ফাইল সাইজ : 100 কেবি - 500 কেবি), স্বাক্ষর (ফাইল সাইজ : 4 কেবি - 30 কেবি) এবং বা-হাতের বুড়ো আঙুলের ছবি (যদি কোনও কারণে বা-হাতের বুড়ো আঙুল না থাকে তবে ডান-হাতের বুড়ো আঙুলের ছবি ব্যবহার করা যাবে) (ফাইল সাইজ : 10 কেবি - 50 কেবি) দিতে হবে।

### 6.2 অনলাইন আবেদনপত্র ভরার নির্দেশাবলী

(a) আবেদনপত্র পূরণের আগে প্রার্থীর আবেদন করার যোগ্যতা আছে কিনা নিশ্চিত করতে হবে। প্রার্থীকে এই তথ্য পুস্তিকা পুরোটা সাবধানে পড়ে আবেদনপত্র পূরণের সব প্রয়োজনীয় তথ্য স্পষ্ট করে বুঝতে হবে।

(b) প্রার্থীকে সঠিক এবং পূর্ণ যোগাযোগের ও স্থায়ী ঠিকানা, পিন কোড, ই-মেল, মোবাইল নম্বর (শুধুমাত্র নিজের অথবা মাতা-পিতার) ভবিষ্যতের যোগাযোগের জন্য লিখতে হবে।

(c) প্রার্থীকে নিশ্চিত হতে হবে যে সে শুধুমাত্র নিজের অথবা মাতা-পিতার মোবাইল নম্বর এবং ই-মেল ঠিকানা দিয়েছে কেননা NTA ভবিষ্যতে ওই মোবাইল নম্বর অথবা ই-মেল ঠিকানায় SMS এর মাধ্যমে যোগাযোগ করবে।

(d) প্রার্থী যেন আবেদন পত্রে কোনও প্রশিক্ষণ কেন্দ্রের ফোন নম্বর/মোবাইল নম্বর এবং ই-মেল ঠিকানা না দেয়।

(e) যে সকল প্রার্থী পাশ করে গেছে তারা কোড 02 থেকে কোড 07 পূরণ করবে যেমনটি যোগ্যতামান পুরক পঙক্তিতে বর্ণিত আছে। যদি প্রার্থী এই শ্রেণীতে না পড়ে তবে তাকে কোড 02 থেকে কোড 07 পর্যন্ত যথাবিহিত 'others' পঙক্তি সম্পূর্ণ পূরণ করতে হবে

(f) যে সকল প্রার্থী 2020-তে XII ক্লাসের পরীক্ষায় বসবে তারা যোগ্যতামান পূরক কোড 01 ভরবে।

(g) অনলাইনে ছাড়া অন্য কোনও উপায়ে ভরা আবেদনপত্র গৃহীত হবে না। প্রার্থীকে অনলাইনে আবেদনপত্র ভরার নিশ্চিতকরণ পৃষ্ঠা কিম্বা অন্য কোনও নথি NTA অফিসে পাঠানোর প্রয়োজন নেই। যদিও প্রার্থীকে পরামর্শ দেওয়া হচ্ছে যে তারা যেন ওই নিশ্চিতপত্রের অন্তত চারটে প্রতিলিপি এবং ফি প্রদানের প্রমাণ ভবিষ্যতের প্রয়োজনে সঙ্গে রাখে।

(h) কেন্দ্রশাসিত জম্মু এবং কাশ্মীরের প্রার্থীদের এই পুস্তিকার ধারা 4.3(b) (অধ্যায় 04) অনুসারে সর্বভারতীয় কোটার জন্য একটি স্ব ঘোষণাপত্র পূরণ ও অনলাইনে জমা করতে হবে।

**বিশেষ দ্রষ্টব্য :**

(i) কোনও অবস্থাতেই অনলাইনে জমা করা আবেদনপত্রের কোনো তথ্য পরিবর্ত্তনের অনুরোধ অনুমোদন করা হবে না।

(ii) অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(iii) যদি কোনও প্রার্থী একাধিক আবেদনপত্র পূরণ করে তবে তার প্রার্থীপদ বাতিল বলে গণ্য হবে।

(iv) যদি পরীক্ষা চলাকালীন কোনও স্তরে সন্দেহ হয় যে প্রার্থী একাধিক আবেদনপত্র পূরণ করেছে অন্য ব্যক্তির সাথে অথবা সে সঠিক তথ্য না দিয়ে ভুল বা মিথ্যা তথ্য দিয়েছে তখন সেই প্রার্থীকে নিজের পরিচয় প্রমাণের জন্য অতিরিক্ত তথ্য পেশ করতে হবে।

(v) যদি কোনও স্তরে এমনকি ফলাফল বেরোনোর পরেও এটা ধরা পড়ে যে প্রার্থী একাধিক বিকল্প আবেদনপত্র জমা করেছে কোনও ভাবে জাল পরিচয়ে অথবা মনগড়া তথ্য দিয়ে তবে সেই প্রার্থী কঠিন শাস্তির মুখে পড়বে এবং তাকে তিন বছরের জন্য NTA পরীক্ষা থেকে বহিষ্কার করা হবে। এমনকি সেই প্রার্থীকে প্রচলিত আইনে ফৌজদারী মামলায় অভিযুক্ত করা হবে।

(vi) অনলাইন ট্রানসাকশন পাসওয়ার্ড (OTP) যেটা NEET (UG) - 2020 ওয়েবসাইটে নিবন্ধনকালে / আবেদনপত্র পূরণকালে তৈরী হবে সেটি মাত্র 15 সেকেন্ড চালু থাকবে। 15 সেকেন্ড বিরাম অন্তে প্রার্থীকে আবার ‘RESEND OTP’ তে ক্লিক করতে হবে নতুন OTP তৈরী করার জন্য।

**স্তর-I : নিবন্ধন পৃষ্ঠা**

**ধাপ-I : নিবন্ধন**

একজন প্রার্থী শুধুমাত্র অনলাইনে লগ-ইন করে তে আবেদন করতে পারবে।

(i) প্রার্থীর নাম / মায়ের নাম / বাবার নাম যেমন যেমন মাধ্যমিক স্কুল বোর্ড / সমতুল বোর্ড / বিশ্ববিদ্যালয়ের শংসাপত্রে আছে তেমনটা ক্যাপিটাল লেটারে

(ii) জন্ম তারিখ dd/mm/yyyy এই ফর্মাটে এবং যেমনটি আছে মাধ্যমিক স্কুল বোর্ড/সমতুল বোর্ড/বিশ্ববিদ্যালয়ের শংসাপত্রে।

(iii) পরিচয় সুচক : প্রার্থীকে নিম্নলিখিত সনাক্তমূলক তথ্যের যেকোনও একটি প্রদান করতে হবে।

| প্রার্থীর শ্রেণী | অনুমোদনযোগ্য পরিচয়পত্রের ধরণ |
|---|---|
| ভারতবর্ষের যে কোনও রাজ্যের নাগরিক | আধার নম্বরের শেষ সংখ্যা, বোর্ড প্রদত্ত ক্লাস XII-এর রোল নম্বর, ভোটার কার্ড (EPIC No.), রেশন কার্ড, ফটোগ্রাফ সহ ব্যাঙ্কের পাশবই, পাশপোর্ট নম্বর, অন্য কোনও সরকার প্রদত্ত ফটো পরিচয়পত্র। |
| অনাবাসী ভারতীয় | পাশপোর্টের নম্বর, আধার নম্বর (শেষ চার সংখ্যা) |
| বিদেশী নাগরিক/ OCI / PIO | পাশপোর্টের নম্বর / আধার নম্বর (শেষ চার সংখ্যা) |

(iv) মোবাইল নম্বর এবং ই-মেল ঠিকানা : প্রার্থীকে অবশ্যই তার নিজের অথবা তার পিতামাতার মোবাইল নম্বর এবং ই-মেল ঠিকানা দিতে হবে।

(v) সম্পূর্ণ যোগাযোগ করার এবং স্থায়ী ঠিকানা PIN কোড সহ : ভবিষ্যতে যোগাযোগের জন্য প্রার্থীকে নির্দিষ্ট জায়গায় PIN কোড সহ যোগাযোগ করার ও স্থায়ী ঠিকানা পূরণ করতে হবে।

**ধাপ-II : সম্পূর্ণ আবেদনপত্র পূরণ**

সম্পূর্ণ আবেদনপত্র পূরণ

1. ধাপ-I এ উল্লিখিত তথ্যাদি পরিবর্ত্তন করা যেতে পারে যতক্ষণ না আবেদনপত্রটি

2. বিভাগ (শ্রেণী) সাধারণ : সাধারণ-EWS, SC, ST এবং OBC-NCL সবগুলিই পরপর এই সাধারণ (General) শ্রেণীর অধীনে পাওয়া যাবে। NEET (UG) - 2020 এর আবেদনপত্র আপলোড করাকালীন কোনও প্রকার শংসাপত্র আপলোড করার প্রয়োজন নেই। সংশ্লিষ্ট সমস্ত রকমের শংসাপত্র ভর্ত্তির আলাপচারিতা চলাকালীন যাচাই করা হবে।

   - অন্যান্য অনগ্রসর শ্রেণী (OBC-NCL) - মাখনীয় স্তর ব্যতীত যে কেন্দ্রীয় তালিকা আছে যেটা অন্যান্য অনগ্রসর শ্রেণীর জাতীয় কমিশন, কেন্দ্রীয় সরকারের ওয়েবসাইট (www.ncsc.nic.in) এ বর্ণিত সেই তালিকা অনুসারে বৈধ

হবে। সুতরাং যে সকল প্রার্থী এই তালিকার অন্তর্ভুক্ত তারা নির্দিষ্ট ক্যাটাগরি পঙক্তিতে OBC-NCL উল্লেখ করবে। রাজ্য সরকারের তালিকায় OBC-NCL হিসেবে নাম থাকা সত্ত্বেও যদি কেন্দ্রীয় সরকারের উপরোক্ত তালিকায় নাম না থাকে তবে অবশ্যই প্রার্থীকে General হিসেবে গন্য করতে হবে।

- অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণী (EWS) কেন্দ্রীয় সরকারী সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের আদেশনামা OM No. 20013/01/2018-BC-II, dated January 17, 2019 এবং OM No. 12-4/2019-U1 dated 17.01.2019 এবং এই অর্থনৈতিক দুর্বলতর শ্রেণীর উচ্চশিক্ষার সংরক্ষণের জন্য MHRD প্রেরিত পত্র সহ 35-2/2019-TS1 dated 21.01.2019, 01.02.2019, 04.02.2019 এবং 15.02.2019 অনুসারে এই শ্রেণীর জন্য সংরক্ষণ বলবৎ হবে।

3. জাতীয়তা : ভারতীয় (India National), অনাবাসিক ভারতীয় (NRI), বিদেশে বসবাসকারী ভারতীয় (OCI), ভারতীয় বংশোদ্ভূত (PIO) এবং বিদেশী (Foreign Nationals) গণ এই NEET (UG) - 2020 তে বসার যোগ্য বলে বিবেচিত হবে।

4. রাজ্য / কেন্দ্রশাসিত কোড : অনলাইনে NEET (UG) – 2020 Registration চলাকালীন প্রার্থী Appendix V এ বর্ণিত তালিকা অনুসারে তার রাজ্য / কেন্দ্রশাসিত কোড নম্বর বসাতে পারবে।

5. PwD মর্যাদা : PwD এর অর্থ Provisions of the Rights of Persons with Disability Act 2016 অনুসারে বিশেষভাবে অক্ষম ব্যক্তি এবং যদি কোনও প্রার্থী এই সুবিধা নিতে চায় তবে তাকে May 13, 2019 তারিখের MCI-স্বীকৃত PwD নির্দেশিকা অনুসারে উপযুক্ত প্রতিষ্ঠানের শংসাপত্র দাখিল করতে হবে।

6. পছন্দের পরীক্ষাকেন্দ্র শহর : আবেদনকারী প্রার্থীকে NEET (UG) - 2020 এর Appendix - II বর্ণিত তালিকা থেকে যেকোনও চারটি শহর বাছাই করতে হবে। এর মধ্য থেকে কোন শহরে প্রার্থীর পরীক্ষা কেন্দ্র নির্দিষ্ট হবে তা যন্ত্রগণক ঠিক করবে মনুষ্য হস্তক্ষেপ ব্যাতীত।

7. প্রশ্নপত্রের মাধ্যম :

   - যে সকল আবেদনকারী ইংরেজীকে পছন্দ করেছে তারা শুধুমাত্র ইংরেজি ভাষার প্রশ্নপত্র পাবে।
   - যে সকল আবেদনকারী হিন্দি / আঞ্চলিক ভাষা পছন্দ করেছে তাদেরকে দ্বিভাষীয় প্রশ্নপত্র যেমন হিন্দি/আঞ্চলিক ভাষায় এবং সেইসাথে ইংরেজিতে লেখা প্রশ্নপত্র দেওয়া হবে। প্রশ্নপত্রে ও অনুবাদে কোনও প্রকার জটিলতা থাকলে ইংরেজী ভাষার সংস্করণটিকে চূড়ান্ত হিসেবে গণ্য করা হবে।

8. শিক্ষা সংক্রান্ত বিস্তারিত বিবরণ (X, XI, XII) : আবেদনকারীকে তার X, XI ও XII ক্লাসের চূড়ান্ত ফলাফলের বিবরণ কোড 02 থেকে 07 পর্যন্ত পঙক্তিগুলিতে জানাতে হবে। যদি কোনও প্রার্থী এই 02 থেকে 07 পর্যন্ত পঙক্তির আওতায় না পড়ে তবে তাকে 'Others' পঙক্তি-স্তম্ভটি পূরণ করতে হবে। যে সকল প্রার্থী 2020 সালের ক্লাস XII এর পরীক্ষায় বসবে তারা যোগ্যতা নিরুপক কোড 01 নির্বাচন করবে।

9. একক শিশু কন্যা : এই অপশনটি দেখা যাবে যদি প্রার্থী Gender স্তম্ভে Female অপশন পছন্দ করে। ভাইবোন বিহীন একমাত্র কন্যা সন্তান এই পছন্দ দিতে পারে। যমজ কন্যা অথবা যমজ ভাইবোন হলেও এই অপশন পছন্দ করতে পারে। (Appendix XIV)

10. সংখ্যালঘু : National Commission for Minority Act, 1992 ধারা 2(c) অনুযায়ী মুসলিম, খ্রীষ্টান, শিখ, বৌদ্ধ, জৈন ও পার্শি সম্প্রদয়ের প্রার্থী এই শ্রেণীতে অন্তর্ভুক্ত হবে। এই দাবির স্বপক্ষে একটি স্বঘোষণাপত্র প্রার্থীকে পূরণ করতে হবে যেটি পাওয়া যাবে Appendix XV তে।

11. বিস্তারিত তথ্য বাবা/মা/অভিভাবক : এদের পেশা, আয় এবং যোগ্যতা সম্পর্কিত তথ্য এই অপশনে দেওয়া যেতে পারে।

**বিশেষ দ্রষ্টব্য :**

- একজন প্রার্থী কেবলমাত্র একটি ফর্ম দাখিল করতে পারে।
- অন্তিম দাখিলের পর কয়েকটি ক্ষেত্রে কিছু সংশোধন করা যেতে পারে 'Correction' নামক অপশনের মাধ্যমে। তারপর এই সংক্রান্ত আর কোনও যোগাযোগ বিবেচিত হবে না।
- নিবন্ধন কাজ (Registration) তখনই সমাপ্ত বলে ধরা হবে যখন সংশ্লিষ্ট ফি সঠিকভাবে দাখিল করা হবে অন্যথায় আবেদনপত্র বাতিল হবে।

- প্রার্থীকে আবেদন করার পর নিশ্চিতকরণ পত্রটির (Confirmation Page) hard copy NTA অফিসে পাঠানোর প্রয়োজন নেই। যদিও প্রার্থীকে পরামর্শ দেওয়া হচ্ছে যে এই নিশ্চিতকরণ পত্রটি ও জমা দেওয়া ফি এর প্রমাণপত্রটির hard copy ভবিষ্যতের প্রয়োজনে সংরক্ষিত রাখতে।
- প্রার্থীদের এটা মনে রাখতে হবে যে ব্যাংকের বই থেকে টাকা কেটেছে মানেই ফি এর টাকা জমা হয়েছে তা নয়। ফি জমা যদি আপডেটেড হয় এবং নিশ্চিতকরণ পত্রটি তৈরী হলে তবেই বুঝতে হবে আবেদনপত্রটি সঠিকভাবে দাখিলকৃত হয়েছে।

**ধাপ-III : স্ক্যান করা ছবির আপলোডিং**

- প্রার্থীর ছবি আপলোড করা
  - পাশপোর্ট সাইজের ছবি (সাইজ 10 কেবি থেকে 200 কেবি )
  - পোষ্টকার্ড সাইজের ছবি (4”×6”) (সাইজ 100 কেবি থেকে 500 কেবি )
- এই ছবিগুলি অবশ্যই 01.09.2019 অথবা তার পরের তোলা হতে হবে এবং ছবিতে প্রার্থীর নাম ও ছবি তোলার তারিখ থাকা বাঞ্ছনীয়। কালো চশমা এবং টুপি পরে ছবি তোলা বারণ। ছবির মূল হবে মুখমন্ডল (ছবির 80% জুড়ে মুখ থাকবে, কানদুটি স্পষ্ট দেখা যাবে এবং সাদা পটভূমিতে তুলতে হবে।)
- চশমা পরা ছবি চলবে যদি সে নিয়মিতভাবে চশমা পরে থাকে।
- পোলারয়েড এবং কম্পিউটার উৎপাদিত ছবির অনুমতি নেই।
- উপরোক্ত নির্দেশাবলী ভিন্ন এবং অস্পষ্ট ছবি সহ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ছবি ছাড়া আবেদনপত্র বাতিল হবে।
- ছবি প্রত্যায়ীত করবার প্রয়োজন নেই। প্রার্থীকে পরামর্শ দেওয়া হচ্ছে যে সে যেন সাদা প্রেক্ষাপটে 6টা থেকে 8টা রঙিন পাশপোর্ট সাইজের ছবি এবং 4টে থেকে 6টা রঙিন পোষ্টকার্ড সাইজের ছবি (4”×6”) তোলে।
- যদি দেখা যায় যে প্রার্থী আপলোড করা ছবিটি উদ্ভাবনকৃতঃ বিকৃত অথবা হাতে আঁকা অথবা কম্পিউটার উৎপাদিত, তাহলে আবেদনপত্রটি বাতিল হবে এবং প্রার্থী অসৎ উপায় অবলম্বন করেছে ধরে নিয়ে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে।
- যদি প্রার্থী অন্য কারোর ছবি আপলোড করে তাহলে আবেদনপত্রটি বাতিল হবে এবং এই অসৎ উপায় অবলম্বন করার জন্য আইনানুগ ফৌজদারী মামলা করা হবে।

**বিশেষ দ্রষ্টব্য :**

- একই পাশপোর্ট সাইজের ছবি এবং পোষ্টকার্ড সাইজের ছবি অনলাইনে আপলোড করার জন্য, পরীক্ষা কেন্দ্রের উপস্থিতিপত্র এবং ভর্ত্তির আলাপচারিতা, ভর্ত্তির সময় প্রয়োজন তাই প্রার্থীকে পরামর্শ দেওয়া যায় যে সে যেন সাদা প্রেক্ষাপটে রঙিন 6টা থেকে টা পাশপোর্ট সাইজের ছবি এবং 4 থেকে 6টা পোষ্টকার্ড সাইজের ছবি (4”×6”) তুলে রাখে।
- প্রার্থীর স্বাক্ষর আপলোড করা।
- প্রার্থীকে প্রথমে সাদা কাগজে কালো কালির কলমে টানা লিখে (ক্যাপিটাল লেটারে নয়) সই করতে হবে এবং অতঃপর স্ক্যান করে আপলোড করতে হবে।
- সম্পূর্ণ মাপ (সাইজ) 4 kb থেকে 30 kb এর মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।
- অ-স্বাক্ষর সম্মলিত আবেদনপত্র বাতিল হবে।
- যদি কোনো প্রার্থী অন্য কারও স্বাক্ষর আপলোড করে তবে তার আবেদনপত্র বাতিল হবে এবং এই অসৎ উপায় অবলম্বন করার জন্য আইনানুগ ফৌজদারী মামলা করা হবে।
- প্রার্থীর বা হাতের বুড়ো আঙুলের ছাপ আপলোড করতে হবে।
- প্রার্থীকে এক সাদা কাগজ নিয়ে তার উপর নীল কালিতে বা হাতের বুড়ো আঙুলের ছাপ দিয়ে স্ক্যান করে আপলোড করতে হবে।

- মোট মান 10 kb থেকে 50 kb এর মধ্যে রাখতে হবে।
- অধিকন্তু, অস্পষ্ট বা হাতের বুড়ো আঙুলের ছাপ এই আবেদনপত্রে গ্রাহ্য হবে না।

**বিশেষ দ্রষ্টব্য :**

প্রার্থীকে এটা নিশ্চিত করতে হবে যে আপলোড করা ছবিগুলি পরিস্কার ও স্পষ্ট। যদি কোনও প্রার্থীর বা হাতের বুড়ো আঙুল না থাকে তবে সে ডান হাতের বুড়ো আঙুল ব্যবহার করতে পারে।

**ধাপ-IV : ফি প্রদান এবং অনলাইন ফর্ম দাখিলের রসিদ প্রাপ্তির অবস্থা**

অনলাইন ফর্ম দাখিলের ধাপ III সম্পূর্ণ করার পর প্রার্থী নির্দিষ্ট ফি জমা দেওয়ার জন্য এই ধাপ IV এর পরবর্ত্তী পদক্ষেপ নেবে :

- প্রথমে ডেবিট কার্ড / ক্রেডিট কার্ড / নেট ব্যাঙ্কিং / UPI-এ অর্থ হস্তান্তর ও সেবা প্রদানকারী পছন্দ করতে হবে। হস্তান্তর প্রতি প্রক্রিয়াকরণ খরচ এবং GST – 18% প্রার্থীকে বহন করতে হবে। অতঃপর নির্দেশ মত প্রক্রিয়া সম্পূর্ণ করতে হবে।
- ধাপ IV সমাপ্ত হলে নিশ্চিতকরণ পত্রটি ছাপতে হবে। ডেবিট কার্ড / ক্রেডিট কার্ড / নেট ব্যাঙ্কিং / UPI-এ অর্থ হস্তান্তর ও সেবা প্রদানকারী সংস্থা SBI / Syndicate ব্যাঙ্ক / HDFC ব্যাঙ্ক / ICICI ব্যাঙ্ক / Paytm হতে পারে।
- যদি প্রার্থী ধাপ IV-এ সমস্ত প্রক্রিয়া সম্পূর্ণ না করে তবে আবেদনপত্র অনলাইনে জমা অসম্পূর্ণ থাকবে।
- নিশ্চিতকরণ পত্রটি তৈরী না হওয়া পর্যন্ত অনলাইনে আবেদনপত্র জমা দেওয়া অসম্পূর্ণ থাকবে।

**বিশেষ দ্রষ্টব্য :**

যদি আবেদনপত্রের অনুমোদিত ফি জমা প্রক্রিয়ায় OK অপশনটি না দেয় তখন প্রার্থীকে নিম্নলিখিত পদক্ষেপ নিতে হবে :

- যদি ফি ক্রেডিট/ডেবিট কার্ডে দেবার সময় ‘OK’ না দেখায় তবে বুঝতে হবে হস্তান্তর প্রক্রিয়া অসম্পূর্ণ, সেক্ষেত্রে প্রার্থীকে পুরো প্রক্রিয়া পুনরায় করতে হবে যতক্ষণ না OK দেখাচ্ছে।
- অসম্পূর্ণ, বাতিল হস্তান্তর প্রক্রিয়ায় সম্পূর্ণ অর্থ ফর্ম ফিলাপের শেষ দিন পেরিয়ে গেলে স্বাভাবিকভাবে সংশ্লিষ্ট ক্রেডিট/ডেবিট কার্ডে ফেরৎ আসবে।

## 6.3 আবেদনপত্র জমা দেওয়ার যাচাই তালিকা

**প্রার্থীকে পরামর্শ দেওয়া হচ্ছে যে অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার আগে সে যেন নিম্নলিখিত ব্যাপারগুলি নিশ্চিত করে।**

**(i) সে আবেদন করার যোগ্যতা অর্জন করেছে কিনা।**

**(ii) সে ফর্মে তার লিঙ্গ যেমন পুরুষ / মহিলা / ইত্যাদি সঠিকভাবে পছন্দ করেছে কিনা।**

**(iii) যদি প্রার্থী PwD অন্তর্গত হয় তবে আবেদনপত্রের সঠিক জায়গায় পছন্দ করেছে কিনা। যদি প্রার্থী PwD অন্তর্গত না হয় তবে ওই স্থান পূরণের প্রয়োজন নেই।**

**(iv) প্রার্থী নিশ্চিতকরণ পত্রটির একটি ছাপানো কপি নিজ হেফাজতে রেখেছে কিনা।**

## 6.4 ফি প্রদানের বিস্তারিত তথ্য

| | | |
|---|---|---|
| প্রার্থী কর্তৃক প্রদেয় ফি | সাধারণ | Rs. 1500/- |
| | সাধারণ EWS / OBC-NCL | Rs. 1400/- |
| | SC / ST / PWD / Transgender | Rs. 800/- |
| | প্রক্রিয়াকরণ খরচ + GST প্রদেয় হলে সেটি প্রার্থীকে বহন করতে হবে। | |

## অধ্যায় 7 – অনলাইনে আবেদনপত্র ভরার তথ্যাদির বিবরণ

**অনলাইনে আবেদনপত্র জমা করতে প্রার্থীকে দেয় তথ্যাদি :**

- জাতীয়তা
- স্বঃ ঘোষণা (Appendix III)
- লিঙ্গ
- শ্রেণী
- স্থায়ী ঠিকানা ও যোগাযোগের ঠিকানা
- পাশপোর্ট নম্বর / রেশনকার্ড নম্বর / ব্যাঙ্ক খাতার নম্বর /অপর যেকোনো সরকারী সনাক্তকারী নম্বর / আধারের নম্বরের শেষ চার সংখ্যা / বোর্ড এর দেওয়া ক্লাস XII এর রোল নম্বর / ভোটার কার্ড নম্বর (EPIC No.)
- জন্মস্থল রাজ্য / জেলা
- বাবার / অভিভাবকের / মায়ের পেশা (Appendix VI)
- বাবার / অভিভাবকের / মায়ের যোগ্যতা (Appendix VI)
- বাবার / অভিভাবকের / মায়ের বাৎসরিক আয় (Appendix VI)
- প্রশ্নপত্রের মাধ্যম
- ক্লাস XII / সমতুল পাশ করা / পরীক্ষার্থী কোন বছরে
- পরীক্ষায় প্রাপ্ত শতকরা নম্বর / গ্রেড ক্লাস X-এ সমতুল পরীক্ষায়
- ক্লাস X, XI, XII কোন রাজ্য/জেলা থেকে
- ধর্ম
- সংখ্যালঘু কিনা
- **MCI গাইডলাইন অনুসারে অক্ষম / Divyangjan কিনা**
- ক্লাস XII / সমতুল যে শিক্ষা প্রতিষ্ঠানে তার ধরন
- গ্রাম / শহর অঞ্চল থেকে
- কিভাবে NEET (UG) পরীক্ষার প্রস্তুতি নিচ্ছে
- পরীক্ষার্থী কোন রাজ্যে বাস করে / কোন রাজ্য থেকে পরীক্ষায় বসতে চায় (Appendix V)
- যোগ্যতাজ্ঞাপক পরীক্ষার কোড (ভাগ 4 এর ভাগ 4.4 দেখ)
- স্কুল শিক্ষার বোর্ড (Appendix VII)
- পছন্দের পরীক্ষাকেন্দ্র / শহর (Appendix II)

# অধ্যায় 8 – নিষিদ্ধ বস্তু ও পোশাকবিধি

## 8.1 নিষিদ্ধ বস্তু সকল

কোনো অবস্থাতেই পরীক্ষার্থীকে পরীক্ষাকেন্দ্রে নিম্নলিখিত বস্তুগুলি নিয়ে ঢুকতে পারবে না। পরীক্ষা কেন্দ্রে ঢোকার আগে পরীক্ষার্থীকে খুব সুবেদী ধাতু খোঁজার যন্ত্রের সাহায্যে বাধ্যতামূলক পুংক্ষনিপুংক্ষ তল্লাসি করা হবে।

(a) যে কোনও প্রকার স্টেশনারী বস্তু যেমন হাতে লেখা অথবা ছাপানো কাগজ, কাগজ টুকরো, আচার কিম্বা পেন্সিল বাক্স, প্লাস্টিক পাউচ্, যন্ত্রগণক, কলম, স্কেল, লেখার প্যাড, পেন ড্রাইভ, ইরেজার-রবার, লগ টেবিল, বৈদ্যুতিন কলম, স্ক্যানার ইত্যাদি।

(b) যে কোনও প্রকার যোগাযোগকারী যন্ত্র যেমন মোবাইল ফোন, ব্লু-টুথ, ইয়ারফোন, মাইক্রোফোন, পেজার, স্বাস্থপেটি ইত্যাদি।

(c) অন্যান্য বস্তু যেমন ওয়ালেট, কালো চশমা, হাতব্যাগ, জলের বোতল ইত্যাদি।

(d) যে কোনও রকমের ঘড়ি / হাতঘড়ি, ব্রেসলেট, ক্যামেরা ইত্যাদি।

(e) যে কোনও প্রকারের গহনা / ধাতব পদার্থ।

(f) যে কোনও প্রকারের প্যাকেটজাত অথবা খোলা খাদ্যদ্রব্য, জলের বোতল ইত্যাদি।

(g) অসৎ উপায় অবলম্বনের জন্য কোনও প্রকার লুক্কায়ীত যন্ত্র যেমন মাইক্রোচিপ, ক্যামেরা, ব্লুটুথ যন্ত্র ইত্যাদি।

**বিশেষ দ্রষ্টব্য**

যদি কোনও প্রার্থী বিশেষ কোনও বস্তু পরিধান করতে চায় (যেমন কারা, কিরপান ইত্যাদি) তবে তাকে পরীক্ষা কেন্দ্রর গেট বন্ধ হওয়ার অন্তত দেড় ঘণ্টা আগে সংশিষ্ট পরীক্ষাকেন্দ্রে হাজিরা দিতে হবে যাতে তার তল্লাশি ও যাচাই অন্তে ঠিক সময়ে পরীক্ষা দিতে পারে।

**পরীক্ষা কেন্দ্রে প্রার্থীদের কোন দ্রব্য / বস্তু রাখার বা পাহারা দেওয়ার কোনও ব্যবস্থা নেই।**

যদি কোনও প্রার্থীকে উপরে উল্লিখিত নিষিদ্ধ বস্তুগুলির একটি সহ দেখা যায় তবে সেই প্রার্থী অসৎ উপায় অবলম্বন করছে বলে ধরে নেওয়া হবে এবং তার বিরুদ্ধে উপযুক্ত আইন মোতাবেক ব্যবস্থা নেওয়া হবে।

## 8.2 পোশাক বিধি

সকল প্রার্থীদের পরীক্ষা কেন্দ্রে ঢোকার সময় নিম্নবর্ণিত পোশাক বিধি মেনে চলতে নির্দেশ দেওয়া হচ্ছে।

(a) হালকা কাপড়ের এবং লম্বা হাতাওয়ালা জামা অনুমোদিত নয়। কিন্তু যদি সেই জামা কোনও কৃষ্টি / সংস্কৃতিগত কারণবশত হয় তবে প্রার্থীকে এক ঘণ্টা আগে অর্থাৎ 12:30 pm এ উপস্থিত হতে হবে যাতে কোনও প্রকার সমস্যা ছাড়াই প্রার্থী পরীক্ষার পবিত্রতা বজায় রেখে সঠিক সময়ে পরীক্ষায় বসতে পারে।

(b) পাতলা সোল যুক্ত চটি, চপ্পল পরা যেতে পারে কিন্তু বুট জুতো পরা বারণ।

(c) যদি কোনও অনাবশ্যক কারণে (চিকিৎসা সংক্রান্ত ইত্যাদি) কোনও প্রার্থীর জন্য উপরের বিধিকে ছাড় দিতে হয় তবে সেটা অ্যাডমিট কার্ড পাঠানোর আগেই NTA এর অনুমোদন নিতে হবে।

এটা প্রত্যাশিত যে NTA প্রণদিত বিধিগুলি প্রত্যেক প্রার্থী মেনে চলবে। তাহলেই NTA সুষ্ঠ ও নিরপেক্ষভাবে পরীক্ষা পরিচালনা করতে পারবে।

**বিশেষ দ্রষ্টব্য : NTA বিশ্বাস করে পরীক্ষার নিরপেক্ষতা ও পবিত্রতায়, যদিও মহিলা প্রার্থীদের তল্লাসিটা বেশ সংবেদনশীল ব্যাপার, যে কারণে পরে আরও একটি পুংক্ষনিপুংক্ষ আদেশনামা পরীক্ষাকেন্দ্রের কর্মীদের জন্য বের করা হবে।**

# অধ্যায় 9 – পিতা-মাতা / অভিভাবকদের জ্ঞাতার্থে

1. একা আকাঙ্ক্ষিত যে প্রার্থীর পিতামাতা / অভিভাবক তাদের সন্তানকে NEET (UG) - 2020 পরীক্ষায় পাঠানোর আগে নিম্নলিখিত ব্যাপারগুলিতে সঠিকভাবে পথ দেখাবেন।

   (a) **কোনও প্রার্থীকেই নির্দিষ্ট সময় 1:30 p.m. এর পর পরীক্ষাকেন্দ্রে ঢুকতে দেওয়া হবে না। সুতরাং প্রার্থী যেন যথেষ্ট সময় হাতে রেখে বাড়ী থেকে রওনা দেয় এটা মনে রেখে যে যানবাহন, কেন্দ্রের অবস্থান, আবহাওয়া ইত্যাদির কারণে না দেরী হয়।**

   (b) প্রার্থী যেন নির্দেশাবলী মেনে শৃঙ্খলাবদ্ধভাবে পরীক্ষা দেয়।

   (c) প্রার্থী যেন কোনও পরীক্ষাবিধির উল্লঙ্ঘন না করে।

   (d) পরীক্ষা চলাকালীন প্রার্থী নিজে কোনও অসৎ উপায় অবলম্বন করবে না বা অন্য কোনও প্রার্থীকে অসৎ উপায় অবলম্বনে সাহায্য করবে না।

   (e) যদি কোনও প্রার্থীর নজরে পরে যে অন্য কেউ অসৎ উপায়ে পরীক্ষা দিচ্ছে সেটা যেন সাথে সাথে ওই হলের নজরদারদের অবহিত করে।

   (f) শুধুমাত্র নিম্নলিখিত বস্তুসকল প্রার্থীকে পরীক্ষাকেন্দ্রে আনতে হবে

   - পাশপোর্ট সাইজের ফটো লাগানো অবস্থায় প্রবেশপত্র (admit card)
   - একটি পাশপোর্ট সাইজের ছবি যেটি উপস্থিতি পাতায় পরীক্ষা চলাকালীন লাগাতে হবে।
     - **পরীক্ষা কেন্দ্রে ঢোকার মঞ্জরীপত্রের সঙ্গে আরও একটি ছাপানো কাগজ বের হবে, সেটিও সঙ্গে আনতে হবে ও সেইসাথে ওখানো লাগানোর জন্য সাদা প্রেক্ষাপটে একটি রঙিন পোষ্টকার্ড সাইজের (4”×6”) ছবি আনবে যেটি ওই পরীক্ষাকেন্দ্রের নজরদারদের জমা দিতে হবে।**

   **বিশেষ দ্রষ্টব্য : যদি কোনও প্রার্থী উপরোক্ত দুটি ছবি না নিয়ে পরীক্ষাকেন্দ্রে আসে (একটি পাশপোর্ট ও অপরটি ডাউনলোড করা ফর্মে লাগানো অবস্থায়) তবে তার প্রার্থীপদ বাতিল বলে গণ্য হবে।**

   (g) প্রার্থী পরীক্ষাকেন্দ্রে কোনও উল্লিখিত নিষিদ্ধ বস্তু নিয়ে প্রবেশ করবে না।

   (h) পরীক্ষাকেন্দ্রে ঢোকার সময় তল্লাশীতে প্রার্থী যেন সাহায্য করে।

   (i) প্রার্থী যেন যথেষ্ট সময় আগে কেন্দ্রে পৌঁছায় যাত তার তল্লাসী সম্পূর্ণ করে হলে ঢুকতে পারে।

   (j) প্রার্থী যেন পোশাক বিধি মেনে NEET (UG) 2020 পরীক্ষা দিতে আসে। যদি কোন সংস্কৃতিগত কারণে প্রার্থী কোনও বিশেষ পোশাক পরিধান করে তবে তাকে 12:30 p.m. এর আগে পরীক্ষা কেন্দ্রে আসতে হবে।

   (k) প্রার্থীকে নিয়মিতভাবে NEET এর ওয়েবসাইট এবং ফর্মে উল্লিখিত নম্বরে email / sms দেখতে হবে যাতে সে সঠিক সময়ে নতুন খবরাদি পায়।

2. যদি দেখা যায় যে আপনার নিকটজন পরীক্ষার্থী উপরের যেকোনও একটি বিধি অমান্য করেছে তবে তাকে আর পরীক্ষায় বসতে দেওয়া হবে না।

3. যদি আপনার সম্পর্কীয় পরীক্ষার্থী কোনও অনাবশ্যক কাজে জড়িত থাকে তবে তাকে NTA এর বিধি অনুসারে পরীক্ষা দেওয়া থেকে বিরত করা হবে এবং তার বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা / ফৌজদারী মামলা জারি করা হবে।

4. নিশ্চিতভাবে প্রার্থী যেন পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার দিন 1:30 p.m. কিম্বা তার আগে পৌঁছায়। সে কারণে প্রার্থী যেন যথেষ্ট সময় হাতে রেখে বাড়ী থেকে রওনা দেয় এটা মনে রেখে যে যানবাহন, কেন্দ্রের অবস্থান, আবহাওয়া ইত্যাদির কারণে না দেরী হয়। যে কারণে পরীক্ষার অনন্ত একদিন আগে পরীক্ষাকেন্দ্রে গিয়ে তার অবস্থান আবাস স্থল থেকে দূরত্ব, যানবাহনের গতিপ্রকৃতি ইত্যাদি দেখে আসলে পরীক্ষার দিন দুশ্চিন্তা ও দেরীতে পৌছানোর সম্ভাবনা কম হতে পারে।

## অধ্যায় 10 – প্রবেশপত্র

- পরীক্ষায় বসার প্রবেশপত্রটি আপাতদৃষ্টিতে প্রার্থীর যোগ্যতা বিচার করে সরবরাহ করে হয়েছে।
- প্রার্থীকে 27 মার্চ 2020 অথবা তারপর এই প্রবেশপত্র ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে হবে এবং দেওয়া তথ্য অনুসারে সেই দিন ও সময়ে পরীক্ষাকেন্দ্রে হাজির হতে হবে।
- **কোনও প্রার্থীকেই প্রবেশপত্রে উল্লিখিত কেন্দ্র ছাড়া অন্য কোথাও ওই দিন ও সময়ে প্রবেশ করতে দেওয়া হবে না।**
- যদি কোনও প্রার্থী প্রবেশপত্র ডাউনলোড করতে অপরাগ হয় তবে তাকে 27 মার্চ 2020 থেকে 10 এপ্রিল 2020 এর মধ্যে 10:00 a.m. থেকে 5:00 p.m. এর মধ্যে হেল্পলাইনে যোগাযোগ করতে বলা হচ্ছে।
- সব প্রার্থীকেই এই তথ্যপুস্তিকায় প্রকাশিত এবং প্রবেশপত্রে উল্লিখিত নিয়মাবলি মন দিয়ে পড়তে এবং সেই অনুযায়ী পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে বলা হচ্ছে।
- যদি প্রার্থী প্রাপ্ত প্রবেশপত্রে অথবা নিশ্চিতকরণ পাতায় তার ছবি কিম্বা স্বাক্ষরঘটিত কোনো অসামঞ্জস্য লক্ষ্য করে তবে তাকে 27 মার্চ 2020 থেকে 10 এপ্রিল 2020 এর মধ্যে 10:00 a.m. থেকে 5:00 p.m. এর মধ্যে হেল্পলাইনে যোগাযোগ করতে বলা হচ্ছে। তবে এক্ষেত্রে প্রার্থী তার ইতিমধ্যে ডাউনলোড করা প্রবেশপত্র নিয়ে পরীক্ষা দিতে পারবে, যদিও NTA তার নথিতে পরবর্তীকালে যথাযোগ্য সংশোধন করবে।

**বিশেষ দ্রষ্টব্য :**

(a) কোনো প্রার্থীকেই প্রবেশপত্র ডাক মারফৎ বাড়ীতে পাঠানো হবে না।

(b) কোনো কারণেই NEET (UG) - 2020 এর কোনো প্রবেশপত্রের প্রতিলিপি পরীক্ষাকেন্দ্রে পাঠানো হবে না।

(c) প্রার্থী তার প্রাপ্ত প্রবেশপত্রে কাটাছেঁড়া বা বদলানোর চেষ্টা করবে না।

(d) প্রার্থীকে তার প্রবেশপত্র যত্ন সহকারে সংরক্ষিত রাখতে হবে ভবিষ্যতের প্রয়োজনে।

(e) যদি কোনও প্রার্থীর আবেদনপত্র অসম্পূর্ণ থাকে তবে তাকে প্রবেশপত্র পাঠানো হবে না অসম্পূর্ণতার কারণ (অস্পষ্টতা / সন্দেহজনক ছবি / স্বাক্ষরবিহীন আবেদন) অথবা আবেদন করার যোগ্যতা হতে পারে।

(f) কোনও প্রার্থীকে প্রবেশপত্র পাঠানো মানে এই নয় সে সম্পূর্ণ উপযুক্ত। তার দেওয়া তথ্য সকল ভবিষ্যতেও যাচাই করে দেখা হতে পারে ভর্ত্তির প্রক্রিয়া চলাকালীন।

# অধ্যায় 11 – পরীক্ষা হলে অনুসৃত নির্দেশাবলী

**সাধারণ নির্দেশাবলী**

(a) পরীক্ষাকেন্দ্র খোলা হবে পরীক্ষা শুরু হয়ার দুই ঘণ্টা আগে। কোনও পরীক্ষার্থীকেই বেলা এর পর আর পরীক্ষাকেন্দ্রে ঢুকতে দেওয়া হবে না। সুতরাং প্রার্থীকে যথেষ্ট সময় হাতে রেখে বাড়ী থেকে রওনা হয় এটা মনে রেখে যে যানবাহন, কেন্দ্রের অবস্থান, আবহাওয়া ইত্যাদির কারণে না দেরী হয়।

| | |
|---|---|
| পরীক্ষার তারিখ | 03.05.2020 (রবিবার) |
| পরীক্ষার সময়সূচী ও মেয়াদ | 02:00 pm to 05:00 pm (3 ঘণ্টা) |
| পরীক্ষাকেন্দ্রে ঢোকার শেষ সময় | 1:30 pm |
| পরীক্ষা হল / ঘরে নিজ আসনে বসার সময় | 1:15 pm |
| পরিদর্শক / নজরদার কর্তৃক নির্দেশ ও প্রবেশপত্র যাচাই পর্ব | 1:30 pm to 1:45 pm |
| পরিদর্শক কর্তৃক প্রশ্নপুস্তিকা বিতরণ | 1:45 pm |
| প্রার্থী কর্তৃক প্রশ্নপুস্তিকা বিভিন্ন বিবরণ ও তথ্য প্রদান | 1:50 pm |
| **পরীক্ষা শুরু** | **2:00 pm** |
| **পরীক্ষা শেষ** | **5:00 pm** |

(b) পরীক্ষা হলে প্রবেশ কালে চাওয়া মাত্র প্রার্থী তার প্রবেশপত্র দেখাতে বাধ্য থাকবে। যদি কোনও প্রার্থীর কাছে বৈধ প্রবেশপত্র না থাকে তবে পরীক্ষা কেন্দ্র প্রশাসক তার হলে ঢোকা বন্ধ করতে পারে।

(c) প্রত্যেক প্রার্থীকেই আলাদা রোল নম্বর যুক্ত আসন দেওয়া হবে। যদি দেখা যায় যে কোনও প্রার্থী তার নির্ধারিত আসন ও হল ছাড়া অন্য কোথাও বসে পরীক্ষা দিচ্ছে তবে তার পরীক্ষা ও প্রার্থী পদ বাতিল হবে।

(d) পরীক্ষা চলাকালীন হলের পরিদর্শক প্রত্যেক প্রার্থীর প্রবেশপত্র ও প্রার্থীর পরিচয় যাচাই করবেন। পরিদর্শক নিজেও তার স্বাক্ষর উত্তরপত্র এবং উপস্থিতি খাতার নির্দিষ্ট স্থানে করে দেবেন।

(e) কোনো অবস্থাতেই 1:30 p.m. এর পরে পরীক্ষাকেন্দ্রে পৌছানো কোনও প্রার্থীকে ভেতরে ঢুকতে দেওয়া হবে না।

(f) প্রার্থীগণ শুধুমাত্র নিম্নলিখিত বস্তুসকল নিয়ে পরীক্ষা হলে ঢোকার অনুমতি পাবে। এই বস্তুগুলি সঙ্গে না আনলে কোনও প্রার্থীকেই পরীক্ষা হলে ঢুকতে দেওয়া হবে না।

- প্রবেশপত্রের ছাপানো কপি যা কিনা ওয়েবসাইট থেকে ডাউনলোড করা হয়েছে ও তার নির্দিষ্ট স্থানে প্রার্থীর একই ছবি (যা আপলোড করা হয়েছে) লাগানো অবস্থায়।
- এক কপি পাশপোর্ট সাইজের ফটো (ঠিক যে ছবিটি আবেদন পত্রে আপলোড করা হয়েছে) যেটা কিনা NEET (UG)-2020 পরীক্ষার হাজিরা প্রমাণ পত্রের নির্দিষ্ট স্থানে লাগাতে হবে।
- এক কপি পোষ্টকার্ড সাইজের সাদা প্রেক্ষাপটে রঙিন ছবি (4”×6”) যেটা প্রবেশ পত্রের সঙ্গেই ডাউনলোড করা ফর্মের নির্দিষ্ট স্থানে লাগিয়ে পরীক্ষার হলে জমা দিতে হবে।
- নিম্নলিখিত পরিচয়পত্রগুলির যে কোনো একটির আসল/মূল কপি যেমন PAN কার্ড/ড্রাইভিং লাইসেন্স/ভোটার ID/পাশপোর্ট/আধার কার্ড/রেশন কার্ড/বোর্ড কর্তৃক প্রেরিত ক্লাস XII এর রোল নং/অন্য কোনো সরকার সংস্থার বন্টিত পরিচয়পত্র
- PwD শংসাপত্র যা উপযুক্ত সংস্থা কর্তৃক বন্টিত হয়েছে যদি প্রার্থী PwD শ্রেণীর সুবিধা চায়।

(g) প্রার্থীর কোনও নিষিদ্ধ বস্তু নিয়ে পরীক্ষা হলে ঢোকার অনুমতি নেই। যদি কোনো প্রার্থীকে উল্লিখিত নিষিদ্ধ বস্তুগুলির একটি সহ দেখা যায় তবে সেই প্রার্থী অসৎ উপায় অবলম্বন করছে বলে ধরে নেওয়া হবে এবং তার বিরুদ্ধে উপযুক্ত আইন মোতাবেক ব্যবস্থা নেওয়া হবে।

(h) প্রার্থীদের এই মর্মে নির্দেশ দেওয়া হচ্ছে যে তারা যেন কোনও প্রকার নিষিদ্ধ বস্তু সঙ্গে না নিয়ে আসে, কেননা সেগুলি গচ্ছিত রাখার কোনও ব্যবস্থা নেই। এমতাবস্থায় প্রার্থীর পরীক্ষাকেন্দ্রে ঢোকার সমস্যা হতে পারে ও তাকে বিরত করা হতে পারে।

(i) সময়সূচী অনুসারে যতক্ষণ না পরীক্ষা শেষ হচ্ছে ততক্ষণ কোনো প্রার্থীকে হল ছেড়ে বেরতে দেওয়া হবে না। উত্তরপত্রের সাথে বন্টিত পৃষ্ঠা সংশ্লিষ্ট নজরদারের হাতে না দিয়ে কোনও প্রার্থী হল ছেড়ে বেরতে পারবে না।

(j) পরীক্ষার হলে ধুমপান সম্পূর্ণ নিষিদ্ধ।

(k) জলের বোতল, চা, কফি, ঠান্ডা পানীয় ইত্যাদি নিয়ে পরীক্ষা হলে প্রবেশ নিষেধ। যদি প্রার্থী আক্রান্ত হয় তবে অনুমতিক্রমে সাধারণ কিছু প্রশমক খাদ্য (যেমন চিনির ট্যাবলেট, কলা, আপেল, কমলা জাতীয় ফল) এবং স্বচ্ছ বোতলে জল। যদিও তাদের হেফাজতে কোনও রকম প্যাকেটজাত খাবার যেমন চকলেট/ক্যান্ডি/স্যান্ডউইচ ইত্যাদি রাখা নিষিদ্ধ।

(l) পরীক্ষাপর্ব অনুমতিপত্রে উল্লিখিত সময়ানুসারে হবে এবং তা সঠিক সময়ে পরিদর্শক ঘোষণা করবেন।

(m) পরীক্ষা শুরুর আগে সংশ্লিষ্ট পরিদর্শক গুরুত্বপূর্ণ নির্দেশাবলী পরীক্ষার্থীর জন্য ঘোষণা করবেন।

(n) নির্দিষ্ট সময়ে পরিদর্শক পরীক্ষা শুরুর সংকেত দেবেন এবং হাফ-টাইমে তিনি আবার একটি সংকেত দেবেন। পরীক্ষার সময় শেষ হওয়ার আগে পরিদর্শক একটি সংকেত দেবেন এবং সমস্ত পরীক্ষার্থী নির্দিষ্ট সময়ের পরে আর কোনও রকমভাবে উত্তরপত্রে কোনও প্রকার বিবরণ লিখতে বা বদলাতে পারবে না।

(o) প্রার্থীকে হাজিরা পত্রের দু-স্থানে দুবারে স্বাক্ষর করতে হবে, প্রথমটি পরীক্ষা শুরুর অব্যবহীত পরে এবং দ্বিতীয়বার উত্তরপত্র জমা দেওয়ার সময়। প্রার্থীকে তার বা হাতের বৃদ্ধাঙ্গুষ্ঠের ছাপও একটি নির্দিষ্ট স্থানে দিতে হবে।

(p) প্রার্থীকে প্রথমেই যাচাই করতে হবে যে প্রশ্নপত্রের মোট পৃষ্ঠার সংখ্যা ওটির কভার পৃষ্ঠার মাথায় লেখা সংখ্যার সাথে মিলছে কি না?

(q) যারা নির্দিষ্ট দিনে নির্দিষ্ট সময়ে পরীক্ষাকেন্দ্রে উপস্থিত হয়ে পরীক্ষা দিতে পারবে না তাদের জন্য NTA কোনও অবস্থাতেই নুতন করে পরীক্ষা নেবে না।

(r) যারা Diabatis ঘটিত সমস্যায় ভুগছে তাদের জন্য পরীক্ষাকেন্দ্রগুলিকে NTA এর তরফে সুনির্দিষ্ট নির্দেশাবলি দেওয়া আছে।

# অধ্যায় 12 – অসৎ উপায় অবলম্বন ও পরীক্ষাবিধি ভঙ্গের সংজ্ঞা

অসৎ উপায় অবলম্বনে একজন প্রার্থী অন্য প্রার্থীর তুলনায় বেশী ও অযৌক্তিক সুবিধা পায়। অন্যান্য উপায় ছাড়াও নিম্নলিখিত উপায়ে সুবিধা পেতে পারে

(a) এই সকল নিষিদ্ধ বস্তুর এক বা একাধিক সঙ্গে রেখে অবৈধ উপায়ে সুবিধা পাওয়া যেমন স্টেশনারী বস্তু, যোগাযোগকারী বৈদ্যুতিন যন্ত্র, আনুষাঙ্গিক যন্ত্রাদি, খাদ্যবস্তু, গহনা অথবা অন্যান্য বস্তু অথবা তথ্য যা পরীক্ষার সময় নিয়ম বা যুক্তি গ্রাহ্য নয়।

(b) পরীক্ষার্থী বদলে পরীক্ষাকেন্দ্রে অন্য কারও উপস্থিতি (impersonating) অথবা নকল করার দ্রব্য প্রস্তুত করা।

(c) NTA দ্বারা স্বীকৃত ও NEET (UG) 2020 তে প্রযোজ্য নিয়ম কানুন অমান্য করা।

(d) অন্য পরীক্ষার্থীকে অসৎ উপায় অবলম্বনে সাহায্য করা কিম্বা সাহায্যের চেষ্টা করা।

(e) হলে বন্টিত প্রশ্ন ছাড়া অন্য কোনও প্রশ্নপত্র ও উত্তরপত্র প্রস্তুত ও জমা করা।

(f) প্রশ্নপত্রের কোনও অংশ ছিড়ে ফেলা।

(g) পরিদর্শক ছাড়া অন্য কারও সাথে কথোপকথন, যোগাযোগ অথবা যোগাযোগ স্থাপনের চেষ্টা।

(h) পরীক্ষার হল/কেন্দ্র থেকে উত্তরপত্র গায়েব অথবা সাথে নিয়ে যাওয়া।

(i) প্রশ্নপত্র অথবা তার অংশ / উত্তরপত্র বা তার অংশবিশেষ বাইরে পাচার।

(j) পরীক্ষার সাথে যুক্ত কোনো কর্মীকে ভীতি প্রদর্শন বা কোনো পরীক্ষার্থীকে ভীতি প্রদর্শন।

(k) অবৈধ উপায়ে কিছু ব্যবহার / ব্যবহারের চেষ্টা।

(l) অবৈধভাবে অনলাইন তথ্যের পরিবর্ত্তন অথবা মনগড়া তথ্য প্রস্তুত করা যেমন প্রবেশপত্র, মেধা তালিকা, স্বঘোষণা পত্র ইত্যাদি।

(m) জোর পূর্বক পরীক্ষা কেন্দ্রে / হলে প্রবেশ কিম্বা প্রস্থান।

(n) পরীক্ষা কেন্দ্রে কোনও বৈদ্যুতিন যন্ত্র ব্যবহার কিম্বা ব্যবহারের চেষ্টা।

(o) আপলোড করে কিম্বা শংসাপত্রে লাগানোর জন্য জাল বা বিকৃত ছবির ব্যবহার।

(p) OMR লিখিত কোনও বাক্যের বিকৃতি কিম্বা নিষ্কাষন।

(q) উত্তরপত্রে ভুল তথ্য প্রদান।

(r) **OMR পত্রে লেখা উত্তরের পরিবর্ত্তন বিকৃতি ঘটিয়ে ফল বেরনোর আগে বা পরে কর্তৃপক্ষকে চ্যালেঞ্জ করা।**

(s) কোনও প্রকার বাধার সৃষ্টি করে সুষ্ঠ পরীক্ষা পরিচালনায় অশান্তি সৃষ্টি করা।

(t) অন্য যেকোনও অবৈধ কাজ যা NTA অনুমোদন করে না।

### 12.1 অবৈধ উপায় অবলম্বনের শাস্তি

পরীক্ষা চলাকালীন, তার আগে কিম্বা পরে যদি কোনও প্রার্থী অবৈধ উপায় বা সমতুল উপায় অবলম্বন করে তবে ওই প্রার্থীকে UFM (UNFAIRMEANS) ধারায় অভিযুক্ত করা হবে এবং তাকে 3 বছর পরীক্ষায় বসার নিষেধাজ্ঞা দেওয়া হবে। অধিকন্তু তার বিরুদ্ধে উপযুক্ত ফৌজদারী মামলাও করা হতে পারে।

### 12.2 পরীক্ষার ফল বাতিল

(a) যদি কোনও প্রার্থী NEET (UG) - 2020 পরীক্ষায় UFM ধারায় অভিযুক্ত হয় তার ফল বাতিল কিম্বা রোধ করা হবে।

(b) অনুরূপভাবে, যদি কোনও প্রার্থী তার জন্য বরাদ্দ কেন্দ্র ছাড়া অন্য কোনো কেন্দ্রে পরীক্ষা দেয়। অন্য প্রার্থীর হয়ে পরীক্ষা দেয় বা অন্য কাউকে তার হয়ে পরীক্ষা দিতে সাহায্য করে তবে তার আবেদনপত্র বাতিল হবে এবং তার ফল বেরবে না।

# অধ্যায় 13 – মেধা তালিকা এবং যোগ্যতা নির্ধারণ

## 13.1 যোগ্যতা নির্ধারণ

NEET (UG) - 2020 পরীক্ষার ফলাফলের ভিত্তিতে একটি সর্বভারতীয় মেধা তালিকা প্রকাশ করা হবে যার থেকে Medical Council Act, 1956 এবং BDS Act, 1948 অনুসারে গঠিত BDS কোর্স রেগুলেশন, 2007 এবং Medical Education রেগুলেশন, 1997 এবং সময় বিশেষে সংশোধন অনুসারে যোগ্যতা নির্ধারণ করা হবে।

যোগ্যতা নির্ধারণ নিম্নলিখিত নিয়ম অনুসারে হবে :

(a) একজন সাধারণ, সাধারণ-EWS শ্রেণীভুক্ত প্রার্থী স্নাতক স্তরে মেডিকেল কোর্স পড়ার জন্য বিবেচিত হবে যদি সে সেই বৎসরে NEET পরীক্ষায় অন্তত $50^{th}$ percentile নম্বর পায়। যদিও SC/ST/OBC-NCL দের ক্ষেত্রে অন্তত $40^{th}$ percentile নম্বর পেলে চলবে। যদি প্রার্থী Rights of Persons with Disability Act 2016 অনুসারে Divyangjan হয় এবং সে সাধারণ শ্রেণীভুক্ত হলে অন্তত $45^{th}$ percentile আর SC/ST/OBC-NCL ভুক্ত হলে অন্তত $40^{th}$ percentile নম্বর পেতে হবে। Percentile নম্বর হিসাব করা হবে মেডিকেল কলেজে স্নাতক স্তরে পড়ার জন্য NEET যে সর্বভারতীয় পরীক্ষা নেয় তাতে সর্বোচ্চ যে নম্বর উঠবে তার ভিত্তিতে।

(b) যদি এমনই ঘটে যে কোনো একটি নির্দিষ্ট ক্যাটাগরি কিম্বা শ্রেণীতে প্রয়োজনীয় সংখ্যক প্রার্থী যোগ্যতামাপক সর্বনিম্ন নম্বর পায়নি তখন কেন্দ্রীয় সরকার Medical Council of India, Dental Council of India এবং Central Council of Indian Medicine এবং Central Council of Homoepathy এর সাথে আলোচনা সাপেক্ষে যোগ্যতা মাপক সর্বনিম্ন নম্বর আরও কমাবার সুপারিশ করবে এবং এই কম নম্বরের ভিত্তিতে যে কোনও প্রকার চিকিৎসাশাস্ত্রে স্নাতক স্তরে ভর্তি শুধুমাত্র সংশ্লিষ্ট সেই বছরের জন্য বলবৎ থাকবে।

(c) স্নাতক স্তরে মেডিকেল কোর্সে ভর্তি হতে চাইলে প্রার্থীকে 50% নম্বর নিয়ে পদার্থবিদ্যা, রসায়ন, জীবনবিজ্ঞান/বায়োটেকনোলজি নিয়ে Graduate Medical Education Regulation, 1997, 2018 সালে সংশোধিত এবং BDS Course Regulation, 2017 অনুমোদিত যোগ্যতামূলক পরীক্ষায় পাশ করতে হবে এবং স্নাতক স্তরে ভর্তির সর্বভারতীয় NEET পরীক্ষার মেধা তালিকায় স্থান পেতে হবে। যদি প্রার্থী SC/ST/OBC-NCL শ্রেণীভুক্ত হয় তবে পদার্থবিদ্যা, রসায়ন, জীবনবিজ্ঞান/বায়োটেকনোলজি নিয়ে যোগ্যতা মূলক পরীক্ষায় এবং পদার্থবিদ্যা, রসায়ন, জীবনবিজ্ঞান নিয়ে প্রতিযোগিতামূলক পরীক্ষায় 50% এর বদলে 40% নম্বর পেতে হবে। বিশেষ রকমের অক্ষমতা সম্পন্ন প্রার্থী (Divyangjan) যারা কিনা Rights of Persons with Disability Act 2016 অনুসারে অনুমোদিত তাদের যদি পদার্থবিদ্যা, রসায়ন ও জীবনবিজ্ঞান/বায়োটেকনোলজি নিয়ে পড়ে, 50% এর জায়গায় 45% পেলেই চলবে, সাধারণ ও সাধারণ-EWS (অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণী)-র জন্য এবং 50% এর জায়গায় 40% পেলে চলবে যদি সে SC/ST/OBC-NCL শ্রেণীভুক্ত হয়। BUMS-এ ভর্তি হতে গেলে প্রার্থীকে ক্লাস-X এ উর্দু অথবা আরবি অথবা পারসি থাকতে হবে যা হলে তাকে সরকার অনুমোদিত কোনও বোর্ড বা রেজিস্টার্ড সোসাইটি বা অ্যাসোসিয়েশন কর্তৃক আয়োজিত ১০ম মানের সমতুল একটি উর্দু পরীক্ষায় পাশ করতে হবে। BSMS-এ ভর্তি হতে গেলে প্রার্থীকে ক্লাস-X অথবা XII-এ তামিল নিয়ে পড়ে পাশ করতে হবে অথবা সে প্রথম যে পেশাদারী কোর্সে ভর্তি হবে সেখানে তামিল ভাষার একটি পেপার থাকতে হবে।

(d) মুক্ত বিদ্যালয় থেকে 10+2 পাশ করা কোনো ছাত্র/ছাত্রী এই NEET পরীক্ষায় বসতে পারবে না। আবার যারা 10+2 অর্থাৎ XII ক্লাসে জীবনবিজ্ঞান/Biotechnology কে অতিরিক্ত (Additional) বিষয় হিসেবে পড়েছে তারাও এই পরীক্ষায় বসার অনুপযুক্ত বলে বিবেচিত হবে। *

***বিশেষ দ্রষ্টব্য :** এই * যুক্ত অংশ মহামান্য আদালত — দিল্লী, এলাহাবাদ, লক্ষ্ণৌ বেঞ্চ ও মধ্যপ্রদেশের জব্বলপুরে চ্যালেঞ্জ করা হয়েছে কেননা এই আদালতে মুক্ত বিদ্যালয়ের ছাত্রদের অমান্যতা ও জীবনবিজ্ঞান/Biotechnology অতিরিক্ত বিষয় হলে অমান্যতা বেআইনি বলে ধার্য হয়েছে। এমত অবস্থায় মেডিকেল কাউন্সিল অব ইন্ডিয়া উচ্চতম আদালতে মহামান্য হাইকোর্টের আদালতে একটি বিশেষ লিড পিটিশন দাখিল করেছে যে আপাতত মুক্ত বিদ্যালয়ে 10+2 পাশ করা ছাত্র-ছাত্রী এবং জীবনবিজ্ঞান/ Biotechnology কে অতিরিক্ত বিষয় হিসেবে নিয়ে যারা XII ক্লাস পাস করেছে তাদের ভর্তি নেওয়া হবে যাদের ভবিষ্যত ওই সব আদালতের রায়দানের উপর নির্ভর করছে।

(e) আপাতত যারা যোগ্যতা নির্ধারক পরীক্ষায় (XII-ক্লাস) বসেছে কিন্তু ফলাফল বের হয়নি তারা এই প্রতিযোগীতা মূলক পরীক্ষায় [NEET (UG) - 2020] বসতে পারবে এবং যদি তার নাম তালিকায় আসে তাহলে যতক্ষণ না সে

ওই যোগ্যতামূলক পরীক্ষায় (XII) পাশ করবে ততক্ষণ তার স্নাতক স্তরের মেডিকেলের কোর্সে ভর্তি আটকে থাকবে। বিশদে জানতে হলে প্রার্থীকে Graduate Medical Education Regulation, 1997 ও BDS Course Regulation 2007, Indian Medical Central Council [Minimum Standards of Education in Indian Medicine Regulation and The Homoepathy (Degree Course) Regulations, 1983 পড়ে দেখতে হবে।

(f) **অতঃপর এই NEET (UG) - 2020 পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সফল প্রার্থীদের একটি সর্বভারতীয় তালিকা প্রস্তুত করা হবে।**

## 13.2 The inter-se-merit of candidates for tie-breaking

NEET (UG) - 2020 পরীক্ষায় একাধিক প্রার্থীর একই নম্বর/পারসেন্টাইল থাকলে The inter-se-merit of candidates for tie-breaking পদ্ধতি অবলম্বন করা হবে।

(a) যে প্রার্থীর জীবনবিজ্ঞানে (উদ্ভিদবিদ্যা ও জীববিজ্ঞানে) বেশী নম্বর/পারসেন্টাইল বেশী সে উপরে থাকবে। তাতে সমাধান না হলে

(b) যে প্রার্থী রসায়নে বেশী নম্বর/পারসেন্টাইল পেয়েছে সে আগে সুযোগ পাবে। তাতেও সমাধান না হলে

(c) যে প্রার্থী এই প্রতিযোগিতামূলক পরীক্ষার সব বিষয়ে আনুপাতিক হারে সঠিক উত্তরের তুলনায় কম ভুল উত্তর দিয়েছে আর তাতেও সমাধান না হলে

(d) যে প্রার্থীর বয়স বেশী সে আগে সুযোগ পাবে।

## 13.3 ভর্তির আলাপচারিতার জন্য সর্বভারতীয় 15% কোটার মেধা তালিকা

NEET (UG) - 2020 পরীক্ষার ফলাফলের ভিত্তি করে NTA যোগ্য প্রার্থীদের জন্য সর্বভারতীয় 15% সংরক্ষিত আসনের জন্য আলাদা একটি মেধা তালিকা প্রস্তুত করবে। যোগ্য প্রার্থীদের এই মেধাতালিকা Directorate General of Health Services (Medical Examination Cell), স্বাস্থ্য ও সমাজ কল্যাণ মন্ত্রক, ভারত সরকার এবং আয়ুস মন্ত্রক, ভারত সরকারকে পাঠানো হবে যাতে তারা অনলাইন আলাপচারিতার মাধ্যমে আসন বন্টন করতে পারে।

## 13.4 15% সর্বভারতীয় কোটা ব্যতীত মেধা তালিকা

(a) যোগ্য প্রার্থীদের মেধা তালিকা NTA ভারত সরকারের স্বাস্থ্য ও সমাজ কল্যাণ মন্ত্রকের অধীন DGHS এবং ভারত সরকারের আয়ুস মন্ত্রকে সরবরাহ করবে যাতে তারা এই তালিকা উপযুক্ত ভর্তি প্রদানকারী সংস্থাকে দিতে পারে।

(b) ভর্তি প্রদানকারী সংস্থা যোগ্য প্রার্থীদের ভর্তির আলাপচারিতার জন্য আমন্ত্রণ জানাবে।

(c) এই ভর্তি প্রদানকারী সংস্থা তখন প্রার্থীদের মেধা তালিকায় স্থান ও তার উল্লেখিত শ্রেণী অনুযায়ী ও সংশ্লিষ্ট রাজ্য সরকারী আইন অনুযায়ী ভর্তি / আলাপচারিতা পর্ব সমাপ্ত করবে।

# অধ্যায় 14 – নির্দেশ ও ভর্ত্তির আলাপচারিতা

**14.1 AIIMS, JIPMER, AFMC, ESI, দিল্লী বিশ্ববিদ্যালয় (DU), BHU, AMU এবং ডিমড বিশ্ববিদ্যালয় সহ অন্যান্য কেন্দ্রীয় শিক্ষা প্রতিষ্ঠানে 15% সর্বভারতীয় কোটার জন্য আলাপচারিতা**

স্নাতক স্তরে মেডিকেল কোর্সে ভর্ত্তির জন্য DGHS এর অধীন মেডিকেল কাউন্সেলিণ কমিটি (MCC) অনলাইন ভর্ত্তির আলাপচারিতার আয়োজন করবে। স্নাতক স্তরে মেডিকেল কোর্সে ভর্ত্তির আলাপচারিতার যাবতীয় তথ্যাদি শুধুমাত্র MCC ওয়েবসাইট (www.mcc.nic.in) এ পাওয়া যাবে। যোগ্য প্রার্থীদের এই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় খুঁটিনাটি মনোযোগ সহকারে পড়ে তাদের পরবর্ত্তী পদক্ষেপ ঠিক করে নেবার পরামর্শ দেওয়া হচ্ছে। সর্বভারতীয় 15% কোটার জন্য AIIMS, JIPMER, AFMC, ESI, দিল্লী বিশ্ববিদ্যালয় (DU), BHU, AMU এবং ডিমড বিশ্ববিদ্যালয় সহ অন্যান্য কেন্দ্রীয় শিক্ষা প্রতিষ্ঠানে ভর্ত্তি প্রত্যাশীদের নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে :

MBBS / BDS কোর্সের জন্য

The Assistant Director General (ME)
Director General of Health Services
Nirman Bhawan, New Delhi – 110108
e-mail : aiqpmt-mcc@nic.in

BAMS / BSMS / BUMS / BHMS কোর্সের জন্য

The Director (SRKV), Ministry of Ayush
AYUSH Bhawan, B-Block, GPO Complex
INA, New Delhi – 110023
e-mail : counseling-ayush@gov.in

আলাপচারিতাজনিত যে কোনো অনুসন্ধান ও FAQ এর জন্য আবেদনকারীদের mcc.nic.in এবং অন্যান্য আলাপচারিতার ওয়েবসাইটে যোগাযোগ রাখতে বলা হচ্ছে।

প্রার্থীরা যেন সর্বদা ওই ওয়েবসাইটগুলোর উপর নজর রাখে এবং সেই অনুযায়ী পরবর্ত্তী পদক্ষেপের জন্য প্রস্তুত হয়।

**14.2 15% সর্বভারতীয় কোটা ব্যতীত অন্য আসনের জন্য আলাপচারিতা ও ভর্ত্তি**

NEET (UG) - 2020 এর মেধা তালিকায় স্থান পাওয়া প্রার্থীরা যারা রাজ্যের মেডিকেল কলেজ / বিশ্ববিদ্যালয় / শিক্ষা প্রতিষ্ঠানে ভর্ত্তি হতে চায় তাদেরকে সংশ্লিষ্ট রাজ্য সরকার এবং / অথবা মেডিকেল / ডেন্টাল / আয়ুর্বেদিক / সিদ্ধ / ইউনানী / হোমিওপ্যাথী কলেজ / বিশ্ববিদ্যালয় / প্রতিষ্ঠানে আলাপচারিতা নির্ঘণ্ট জানার জন্য যোগাযোগ করতে বলা হচ্ছে। ডিমড ছাড়া অন্য ব্যক্তি মালিকানাধীন মেডিকেল কলেজের জন্য সংশ্লিষ্ট রাজ্য সরকার নির্দেশ জারি করবে।

ব্যক্তি মালিকানাধীন আয়ুর্বেদ / সিদ্ধ / ইউনানি / হোমিওপ্যাথি কলেজে 15% সর্বভারতীয় কোটার ভর্ত্তির জন্য আয়ুস মন্ত্রকের অধীন AYUSH Admission Central Counselling Committee (AACCC) আয়োজন করবে।

NTA প্রার্থীদের দেওয়া কোনও তথ্য যা আবেদনপত্রে অনলাইনে আপলোড করা আছে তা পরিবর্ত্তন করবে না। পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়ার পর আর কোনও প্রকার পরিবর্ত্তনের অনুরোধ গ্রাহ্য হবে না।

আবেদনপত্রে প্রার্থীর শ্রেণীগত বিন্যাস কেন্দ্রীয় তালিকা অনুসারে করা হয়। কিন্তু 15% সর্বভারতীয় সংরক্ষিত আসনের জন্য প্রার্থীরা যে রাজ্যের জন্য উপযুক্ত বিবেচিত হবে সেখানকার শ্রেণী বিন্যাস প্রযোজ্য হবে।

প্রার্থীর বাসস্থান সম্পর্কিত কোনো ব্যাপারে NTA নাক গলাবে না। এ ব্যাপারে রাজ্য সরকারের নিয়ম বলবৎ হবে।

রাজ্য সরকারী বিভিন্ন সংস্থার তালিকা Appendix IV এ পাওয়া যাবে।

# অধ্যায় 15 – পরীক্ষা পরবর্ত্তী কার্যকলাপ এবং ফলাফল ঘোষণা

## 15.1 OMR শীটের প্রদর্শন এবং ওয়েবসাইটে প্রতিক্রিয়া

(a) সমস্ত প্রার্থীর OMR শীটের প্রতিলিপি এবং যন্ত্রে রেকর্ড করা প্রার্থীদের প্রতিক্রিয়া NTA এর ওয়েবসাইট www.ntaneet.nic.in এ আপলোড করা হবে। এই আপলোড করার ও প্রতিক্রিয়া দেবার সঠিক তারিখ পরীক্ষা শেষ হওয়ার পর NTA ওয়েবসাইটে জানিয়ে দেওয়া হবে।

(b) প্রার্থীদেরকে সন্দেহজনক ফলাফলকে বিধিবদ্ধভাবে আপত্তি জানানোর জন্য প্রশ্ন প্রতি 1000 টাকা প্রক্রিয়াকরণ ফি দিয়ে আবেদন করতে হবে।

(c) প্রার্থীদের আপত্তিকে NTA মূল উত্তরপত্রে গুরুত্ব দিয়ে যাচাই করবে এবং যদি আপত্তি সঠিক হয় তবে পরিবর্তিত ফলাফল পুনরায় আপলোড করা হবে। যদিও ব্যক্তিগতভাবে কোনো আবেদনকারীকে এ ব্যাপারে কিছু জানানো হবে না।

OMR/উত্তরপত্রের প্রতিলিপি এবং রেকর্ড করা প্রতিক্রিয়া ডাউনলোড করার জন্য সকল প্রার্থীদের www.ntaneet.nic.in ওয়েবসাইটে লগ ইন করতে অনুরোধ করা হচ্ছে।

## 15.2 উত্তরপত্র প্রদর্শন ও আপত্তি

(a) NTA সঠিক সময়ে আপতগ্রাহ্য উত্তরপত্র তার ওয়েবসাইট www.ntaneet.nic.in এ আপলোড করবে যাতে প্রার্থীর সন্দেহ হলে যে কোনো উত্তর সম্পর্কে তার আপত্তি জানাতে পারে। এই প্রদর্শনের সঠিক তারিখ জানার জন্য প্রার্থী যেন পরীক্ষার পর নিয়মিতভাবে ওয়েবসাইটি খুলে দেখে।

(b) প্রার্থীদেরকে সন্দেহ মোচনের জন্য তাদের উত্তরপত্র যাচাই এর সুযোগ দেওয়া হবে। প্রত্যেকটি উত্তর আপত্তি জানানোর জন্য 1000 টাকা করে প্রক্রিয়াকরণ খরচ প্রার্থীকে বহন করতে হবে।

(c) প্রার্থীদের আপত্তি খতিয়ে দেখার জন্য কয়েকজন বিষয়ভিত্তিক বিশেষজ্ঞদের নিয়োগ করা হবে। যদি দেখা যায় আপত্তি সঠিক তবে সেই অনুসারে প্রশ্নের সঠিক উত্তর নির্দিষ্ট করা হবে। এই নতুন উত্তর তালিকা অনুযায়ী চূড়ান্ত ফলাফল ঘোষণা করা হবে।

(d) **কোনো ব্যক্তি বিশেষ প্রার্থীকেই তার আপত্তি গ্রাহ্য হয়েছে কিনা সে বিষয়ে জানানো হবে না।**

(e) কোনও প্রশ্নের উত্তর চূড়ান্ত হয়ে গেলে সে বিষয়ে অন্য কোনও মতামত গ্রাহ্য হবে না।

## 15.3 ফলাফলের ঘোষণা

(a) NTA প্রচলিত উপায়ে সমস্ত উত্তরপত্র মূল্যায়ন করবে এবং ফলাফল তার ওয়েবসাইট www.ntaneet.nic.in এ প্রকাশিকত করবে এবং প্রার্থীরা সেখান থেকে যে যার ফল ডাউনলোড করবে।

(b) এরপর NTA DGHS এবং AYUSH মন্ত্রকের Admission Central Counselling Committee এর নির্দেশনামা অনুসারে তালিকা প্রস্তুত করবে।

(c) শ্রেণীবিন্যাস অনুযায়ী কোনও মেধা তালিকা প্রকাশিত হবে না।

(d) NEET (UG) – 2020 পরীক্ষার্থীদের নিয়মিতভাবে NTA, MoH&FW, MCC (mcc.nic.in), MoA, AYUSH Admission Central Counselling Committee (aaccc.gov.in) এবং সংশ্লিষ্ট রাজ্য/বিশ্ববিদ্যালয় /শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইটে নজর রাখতে বলা হচ্ছে যথক্ষণ না শেষ পর্যায়ের ভর্ত্তির আলাপচারিতা সমাপ্ত হয়।

## 15.4 উত্তরপত্রের পুনঃযাচাই ও পুনর্মূল্যায়ন

যন্ত্রে ক্রমযোগ্য উত্তরপত্র মূল্যায়ন করার সময় সর্বোচ্চ মনোযোগ এবং পুনঃযাচাই করা হয়। সে কারণে উত্তরপত্রের পুনঃযাচাই ও পুনর্মূল্যায়নের কোনো বিধান নেই। কেননা -

(i) OMR শীটগুলি যন্ত্রে ক্রমযোগ্য এবং সেগুলি নির্দিষ্ট নির্ভরযোগ্য সধ ওয়্যার এর সাহায্যে নিরপেক্ষতার সাথে করা হয়েছে।

(ii) প্রার্থীদেরকে শীটে ক্রমমান বসানোর সুযোগ দেওয়া হয়েছে এবং তাদেরকে সন্দেহজনক উত্তরের উপর আপত্তি ও যাচাই করার সুযোগ দেওয়া হয়েছে।

- **এই বিষয়ে আর কোনও যোগাযোগের অনুমতি দেওয়া হবে না।**

### 15.5 অন্যান্য সংস্থার NEET (UG) - 2020 মেধা তালিকার ব্যবহার

NEET (UG) - 2020-র প্রকাশিত মেধা তালিকা অন্যান্য রাজ্য/কেন্দ্রশাসিত সংস্থা ব্যবহার করবে তাদের নিজের নিজের বিধি এবং আইন অনুসারে ভর্তি প্রক্রিয়া শেষ করবে।

### 15.6 আইনগত মেয়াদ

এই NEET (UG) - 2020 পরীক্ষা সংক্রান্ত সমস্ত নথি ফলাফল বেরোনোর পর 90 দিন সযত্নে গচ্ছিত রাখা হবে।

# অধ্যায় 16 – সাধারণ পরিসেবা কেন্দ্র / সুবিধাপ্রাপ্তি কেন্দ্র

প্রার্থী যদি এমন অঞ্চলে বসবাস করে যেখানে বিভিন্ন কারণ বশত অনলাইন আবেদন করা সমস্যার সেই প্রার্থীরা Digital India Initive এর অন্তর্গত

Common Service Centre
Ministry of IT
Government of India

বা

সাধারণ পরিসেবা কেন্দ্র,
তথ্য ও প্রযুক্তি মন্ত্রক
ভারত সরকার

এর পরিসেবা পেত পারে। এই CSC যা কিনা National e-Governance Plan (NeGP) এর অন্তর্গত এবং এটি ভারতবর্ষের প্রত্যেক গ্রাম পঞ্চায়েত অফিসের মাধ্যমে সেবা প্রদান করে। সুতরাং প্রার্থীকে তার নিজের গ্রাম পঞ্চায়েত অফিসে Village Level Entrepreneur (VLE) এর সাথে যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে।

ভারতবর্ষে 2.4 লাখের অধিক এমন CSC আছে যারা খুব সামান্য ফি এর বিনিময়ে উপযুক্ত প্রয়োজনীয় সাহায্য করবে। এই অনলাইন আবেদনের ফি e-wallet এর মাধ্যমে প্রদান করা সম্ভব। এইসব CSC এর তালিকা একটি ওয়েবসাইট http://www.csc.gov.in এ পাওয়া যাবে।

# গুরুত্বপূর্ণ বিষয়বস্তু

প্রার্থীকে এই তথ্যপুস্তিকা মনোযোগ সহকারে পড়তে বলা হচ্ছে এবং নিম্নলিখিত তথ্যাদি সম্পর্কে সড়গড় থাকতে হবে।

i) শুধুমাত্র অনলাইনেই NEET (UG) - 2020 আবেদপত্র ভরা যাবে। অফলাইন অর্থাৎ কাগজ-কলমে লিখে জমা দেওয়ার কোনো ব্যবস্থা নেই।

ii) তথ্যপুস্তিকাটি www.nta.ac.in অথবা www.ntaneet.nic.in থেকে ডাউনলোড করা যেতে পারে।

iii) ভবিষ্যতের প্রয়োজনের কথা মনে রেখে নিম্নলিখিত নথিগুলি সুরক্ষিত রাখতে হবে।

   a) অনলাইন ফর্ম জমা দেবার নিশ্চিতপত্র।

   b) ফি জমা দেওয়ার রসিদ (ব্যাঙ্কে টাকা হস্তান্তরের রসিদ ইত্যাদি)

   c) অন্তত 5 কপি একই রকমের পাশপোর্ট সাইজের ছবি যা থেকে কিনা ছবি আপলোড করা হয়েছে।

   d) কেন্দ্রশাসিত জম্মু ও কাশ্মীরের প্রার্থীদের স্বঘোষণা পত্র যারা কিনা 15% সর্বভারতীয় কোটার সুযোগ নিতে চায়।

iv) প্রার্থীকে নিশ্চিত হতে হবে যে সে সঠিকভাবে তার নিজের অথবা বাবা-মায়ের মোবালি নম্বর, ই-মেল ঠিকানা ভরেছে কেননা NTA শুধুমাত্র এই নম্বর অথবা ই-মেল ঠিকানায় মেসেজের সাহায্যে যোগাযোগ করবে।

v) যদি প্রার্থীর ভুল/অচল মোবাইল নম্বর বা ই-মেল ঠিকানার কারণে যোগাযোগ করতে না পারা যায় তার জন্য NTA কর্তৃপক্ষ কোনও ভাবেই দায়ী থাকবে না।

vi) আবেদনপত্রের ফি শুধুমাত্র নিম্নলিখিত উপায়ে জমা করা যাবে :

   অনলাইনে — Debit / Credit কার্ডের সাহায্যে এবং Net Banking / UPI / Paytm এর সাহায্যে

   - প্রথমে Debit / Credit কার্ডের এর বৈধতা যাচাই করতে হবে এবং হাতের কাছে রেখে ওয়েবসাইটে লগ-ইন করতে হবে। যদি কোনো রকম তথ্য জমার নির্দেশ আসে তো সেটি দিয়ে টাকার অঙ্ক লিখে Pay অপশনে যেতে হবে।
   - Net Banking / UPI / Paytm এ টাকা জমা দিতে হলে প্রথমে A/c-এ যথেষ্ট টাকা জমা আছে কিনা দেখতে হবে। এরপর সব দেওয়ার মত তথ্য হাতের কাছে রাখতে হবে। এবার আবেদনপত্রের নির্দিষ্ট অংশ খুলে ধাপে ধাপে টাকা জমা করতে হবে।

vii) সমস্ত প্রয়াস অসমাপ্ত থাকবে যদি কিনা নিশ্চিতপত্রটি না প্রস্তুত হয়। নিশ্চিতপত্রটি না এলে বুঝতে হবে কোনওভাবে টাকাটা (ফি) সঠিকভাবে হস্তান্তর হয় নি। সুতরাং কেন হয়নি জেনে সঠিক পদক্ষেপ নিতে হবে।

viii) প্রার্থীকে অবশ্যই তার আমন্ত্রণপত্রটি এই স্নাতক স্তরে ভর্তি প্রক্রিয়া শেষ হওয়া পর্যন্ত সুরক্ষিত রাখতে হবে।

ix) প্রার্থীকে এটা নিশ্চিত করতে হবে যে সে সঠিক তথ্য আপলোডের সময় দিয়েছে। যদি কোনও তথ্যে কোনও সমস্যা থাকে এবং ফটো, স্বাক্ষর ইত্যাদি বদলানোর প্রয়োজন থাকে তবে প্রার্থীর কাছে নির্দিষ্ট নম্বরে SMS অথবা/এবং ই-মেল এ যোগাযোগ করা হবে। প্রার্থী যদি কোনও পরিবর্ত্তন চায় তো তাকে নির্দিষ্ট সময়ের মধ্যে লগ-ইন করে নির্দেশিত উপায়ের মাধ্যমে অনুমোদন যোগ্য পরিবর্ত্তন করতে পারবে।

x) প্রার্থীর আবেদন করার যোগ্যতা আছে কিনা সেটির ব্যাপারে সিদ্ধান্ত হবে আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিনে।

xi) NEET (UG) - 2020 সংগঠিত হবে 3 May, 2020 (রবিবার)।

xii) NEET (UG) – 2020 সংগঠিত হবে এক প্রস্থে (এক বারে) এবং এটা একটা Objective Type Test।

xiii) ভারতীয়, অনাবাসি ভারতীয়, বিদেশে বসবাসকারি ভারতীয় এবং ভারতীয় বংশোদ্ভুত বিদেশীরা NEET (UG) – 2020-র জন্য আবেদন করতে পারবে।

xiv) একজন প্রার্থী একটিই আবেদন করতে পারবে।

xv) একবার কোনও তথ্য দিয়ে আবেদন করলে আর সেটির পরিবর্ত্তন করা যাবে না (যেমন পরীক্ষা কেন্দ্র, প্রশ্ন ও উত্তরের মাধ্যম ইত্যাদি) যতক্ষণ না 'windows for correction for all field' খুলছে।

xvi) পরীক্ষাকেন্দ্রের বন্টন পুরোপুরি কম্পিউটার চালিত এবং কেউ তাকে ইচ্ছেমত বদলাতে পারবে না। সুতরাং পরীক্ষাকেন্দ্র বদলাবার কোনো আবেদন মানা সম্ভব নয়।

xvii) প্রার্থী www.ntaneet.nic.in - এই ওয়েবসাইট থেকে তার প্রবেশপত্র ডাউনলোড করতে পারে।

xviii) প্রার্থী www.ntaneet.nic.in অথবা Digilocker - www.digilocker.gov.in থেকে তার ফলাফল, মেধা তালিকা, মেধা তালিকার ক্রমমান, ক্রমমান শংসাপত্র ইত্যাদি ডাউনলোড করতে পারে।

xix) হাল বিজ্ঞপ্তি দেখার জন্য প্রার্থী www.ntaneet.nic.in, www.MoH.gov.in & www.mcc.nic.in যদি সে MBBS/BDS পাঠক্রমের জন্য আবেদন করে এবং www.ayush.gov.in & www.aaccc.gov.in যদি সে BAMS/BSMS/BUMS/BHMS পাঠক্রমের জন্য আবেদন করে।

xx) প্রার্থীকে শেষ তারিখের অনেক আগে আবেদনপত্র জমা টাকা (ফি) হস্তান্তর করতে পরামর্শ দেওয়া হচ্ছে। শেষের ভীড় এড়াতে এটা করা বাঞ্ছনীয়। কোনও অবস্থাতেই কোনও ফি ছাড়ের আবেদন অনুমোদন করা হবে না।

xxi) প্রার্থী যেন মনে না করে যে তার ব্যাঙ্কের বই থেকে টাকা কেটেছে মানে আবেদন জমা পড়েছে সেটা একদম নয়। প্রার্থীর পাশবইয়ে updated fee বলে টাকা হস্তান্তর দেখানো এবং নিশ্চিতপত্র (Confirmation Certificate) হস্তগত হওয়া জরুরী।

xxii) NEET (UG) – 2020 পরীক্ষার ঐ একই মেধাতালিকা থেকে রাজ্য কিছু কেন্দ্রীয় সংস্থা তাদের নিজের নিজের নিয়মানুসারে ছাত্র ভর্ত্তি করতে পারে।

xxiii) ভারতীয় নাগরিক / বিদেশে বসবাসকারী ভারতীয় নাগরিক যদি কোনো বিদেশী শিক্ষাঙ্গন থেকে MBBS/BDS করতে চায় তাহলে তাকেও NEET (UG) - 2020 পরীক্ষায় যোগ্যতা অর্জন করতে হবে।

**সাম্প্রতিক বিজ্ঞপ্তি এবং খবরাদি জানবার জন্য প্রার্থীকে নিয়মিতভাবে NTA ওয়েবসাইট দেখতে পরামর্শ দেওয়া হচ্ছে। NTA শুধুমাত্র তার ওয়েবসাইটের মাধ্যমেই বিজ্ঞপ্তি ও খবরাদি প্রকাশ করে।**

Help Line No.
0120-6895200

E-mail : neetug-nta@nic.in

**National Testing Agency**

(MHRD, Department of Higher Education, Government of India)

**Regd. Office:**
West Block-1, Wing No. - 6,
2nd Floor, R.K. Puram, New Delhi - 110066

**Office for Communication:**
Block C-20/1A/8, Sector - 62,
Gautam Budh Nagar, Noida - 201309 (UP)

www.nta.ac.in, neetug.nta.nic.in